আরও
চাকরির খবর
ভেতরের পাতায়

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

৯ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে
৭৩৬৫
প্রবেশনারি অফিসার
নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৮

বর্ষ ৪৭ সংখ্যা ৪ কলকাতা বুধবার, ১২ অগস্ট ২০২৬/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ২৬ শ্রাবণ ১৪৩৩ দাম ৭.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

## স্টেট ব্যাঙ্কে ১৫৩৮ জুনিয়র অ্যাসোসিয়েট

জুনিয়র অ্যাসোসিয়েট (কাস্টমার সাপোর্ট অ্যান্ড সেলস) পদে ১,৫৩৮ জনকে নেবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। ক্লারিক্যাল ক্যাডারে নিয়োগ করা হবে। এটি তফসিলি এবং ওবিসিদের জন্য একটি বিশেষ নিয়োগ অভিযান। ৬ মাসের প্রবেশন। প্রার্থী বাছাই করা হবে অনলাইন প্রিলিমিনারি ও মেন পরীক্ষা এবং স্থানীয় ভাষার দক্ষতা যাচাইয়ের মাধ্যমে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CRPD/CR/SPLDRIVE/2026-27/16.

যে-কোনও একটি রাজ্যের শূন্যপদে দরখাস্ত করবেন। যে-

### তফসিলি এবং ওবিসিরা আবেদন করবেন

রাজ্যের শূন্যপদে আবেদন করবেন, প্রার্থীকে সে-রাজ্যের সরকারি ভাষা লিখতে, পড়তে, বলতে ও বুঝতে হবে। তাই, এখানে পশ্চিমবঙ্গ-সহ যে-রাজ্যগুলিতে বাংলা ও হিন্দি জানলে আবেদন করা যাবে, সেই রাজ্যগুলির জন্য নির্ধারিত ৬৬৮টি শূন্যপদের বিষয়ে জানানো হল।

রাজ্য অনুসারে শূন্যপদের বিবরণ: পশ্চিমবঙ্গ (বাংলা ও নেপালি): ৫৫টি (ওবিসি)। মধ্যপ্রদেশ (হিন্দি): ১৩৪টি (তফসিলি উপজাতি)। ছত্তিশগড় (হিন্দি): ২৬টি (তফসিলি উপজাতি)। চণ্ডীগড় (হিন্দি): ২২টি (ওবিসি)। জম্মু ও কাশ্মীর (হিন্দি): ৪২টি (তফসিলি উপজাতি)। হিমাচল প্রদেশ (হিন্দি): ১১টি (তফসিলি জাতি)। পঞ্জাব (হিন্দি): ১৮টি (ওবিসি)। রাজস্থান (হিন্দি): ১০৬টি (তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ৮৬)। উত্তর প্রদেশ (হিন্দি) : ৩১টি (তফসিলি উপজাতি)। দিল্লি (হিন্দি): ১৭টি (ওবিসি)। অসম (বাংলা): ৩৯টি (তফসিলি উপজাতি)। ত্রিপুরা (বাংলা): ২২টি (তফসিলি উপজাতি)। বিহার (হিন্দি): ১২টি (তফসিলি জাতি)। ঝাড়খণ্ড (হিন্দি): ১৩৩টি (তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ১১৯)।

নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন। আবেদন করতে পারেন ইন্টিগ্রেটেড ডুয়াল ডিগ্রিধারী প্রার্থীরাও। তবে উভয় ক্ষেত্রেই ৩১-১২-২০২৬ তারিখের মধ্যে পাশ করে ও সার্টিফিকেট পেয়ে থাকতে হবে।

প্রার্থীকে সংশ্লিষ্ট রাজ্যের স্থানীয় ভাষায় লিখতে, পড়তে ও বলতে

এরপর দুয়ের পাতায়

## অ্যাকসেঞ্চারে ১৫৮০০ সফটওয়্যার ইঞ্জিনিয়ার

নিজস্ব প্রতিনিধি: সফটওয়্যার ইঞ্জিনিয়ারিংয়ের পেশাদারদের জন্য ১৫,৮০০ চাকরি রয়েছে তথ্যপ্রযুক্তি সংস্থা অ্যাকসেঞ্চারে। কাস্টম সফটওয়্যার ইঞ্জিনিয়ার, কোয়ালিটি ইঞ্জিনিয়ার, ফুল স্ট্যাক ইঞ্জিনিয়ার, অ্যাপ্লিকেশন সাপোর্ট ইঞ্জিনিয়ার-সহ বিভিন্ন পদে নিয়োগ হবে।

ফ্রেশারদের জন্য বরাদ্দ ২৬টি শূন্যপদ। বাকি শূন্যপদে আবেদন করতে পারবেন ৫ বছর ও তার বেশি সময়ের অভিজ্ঞতাসম্পন্নরা।

আইটি, কম্পিউটার সায়েন্স ও সমতুল বিষয়ের ব্যাচেলর্স ডিগ্রিধারীরা আবেদনের যোগ্য। প্রতিটি পদের দায়িত্ব বিশদে জানিয়েছে সংস্থা। বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: https://www.accenture.com/in-en/careers/life-at-accenture/entry-level

## আর্মি অর্ডন্যান্স ক্যরে ২৬১৫

বিভিন্ন পদে ২,৬১৫ জনকে নেবে আর্মি অর্ডন্যান্স ক্যর। এটি কেন্দ্রের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। গ্রুপ 'সি' পদে নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: AOC/CRC/2026/AUG

শূন্যপদের বিন্যাস: ট্রেডসম্যান মেট: ১,৭৯৯টি (সাধারণ ৭২৮, তফসিলি জাতি ২৭০, তফসিলি উপজাতি ১৩৫, ওবিসি ৪৮৩, আর্থিক ভাবে অনগ্রসর ১৮৩)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল।

ফায়ারম্যান: ৫২০টি (সাধারণ ২১০, তফসিলি জাতি ৭৮, তফসিলি উপজাতি ৪০, ওবিসি ১৪০, আর্থিক ভাবে অনগ্রসর ৫২)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল।

জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট: ১০৪টি (সাধারণ ৪২, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ৮, ওবিসি ২৮, আর্থিক ভাবে অনগ্রসর ১০)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক পাশ। কম্পিউটারে ইংরেজিতে মিনিটে ৩৫টি শব্দ অথবা হিন্দিতে মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।

মাল্টি টাস্কিং স্টাফ: ১৪২টি (সাধারণ ৫৮, তফসিলি জাতি ২১, তফসিলি উপজাতি ১১, ওবিসি ৩৮, আর্থিক ভাবে অনগ্রসর ১৪)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল।

মেটেরিয়াল অ্যাসিস্ট্যান্ট: ৫০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৮,

এরপর চারের পাতায়

## ব্যাঙ্ক অব বরোদায় ১৭৫

বিভিন্ন দপ্তরে ১৭৫ জন কর্মী নেবে ব্যাঙ্ক অব বরোদা। নিয়োগ করা হবে জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-ওয়ান এবং মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-টুয়ে। প্রথমে ১ বছরের প্রবেশন। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: BOB/HRM/REC/ADVT/2026/15.

দপ্তর অনুসারে শূন্যপদের বিবরণ: ডিজিটাল ব্যাঙ্কিং: ম্যানেজার-ডিজিটাল প্রোডাক্ট

এরপর চারের পাতায়

## সেইলে ১১১০ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

১,১০০ জন তরুণ-তরুণীকে ১ বছরের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে স্টিল অথরিটি অব ইন্ডিয়া (সেইল)। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ট্রেড অ্যাপ্রেন্টিস, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস এবং গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে সংস্থার রৌরকেল্লা স্টিল প্ল্যান্টে ট্রেনিং দেওয়া হবে বিভিন্ন ট্রেডে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের রেফারেন্স নম্বর: L&D/Adv./APP/158.

ক্যাটেগরি অনুসারে আসনের বিন্যাস: ট্রেড অ্যাপ্রেন্টিস (আইটিআই): ৪২১টি। অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট): ১০টি। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ৫৬টি। ডিজেল মেকানিক: ১০টি। ইলেক্ট্রিশিয়ান: ১০০টি। ফিটার: ১০০টি। টুল অ্যান্ড ডাই মেকার: ১০টি। ইলেক্ট্রনিক্স মেকানিক: ১৫টি। ইনস্ট্রুমেন্ট মেকানিক: ১০টি। ল্যাবোরেটরি অ্যাসিস্ট্যান্ট (কেমিক্যাল প্ল্যান্ট): ১০টি। মেশিনিস্ট: ১০টি। মেকানিক মোটর ভেহিক্যল: ১০টি। মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এসি: ১০টি। টার্নার: ১৫টি। ওয়েল্ডার: ১৫টি। ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স: ১০টি। সেন্ট্রাল এসি প্ল্যান্ট মেকানিক: ১০টি। টেকনিশিয়ান

এরপর দুয়ের পাতায়

## ইন্ডিয়ান অয়েলে ৪৩৩ অ্যাপ্রেন্টিস

৪৩৩ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১/১৯৭৩/১৯৯২ (সময়ানুসারে সংশোধিত) অনুসারে উত্তর ভারতের ৬টি রাজ্য ও ৩টি কেন্দ্রশাসিত অঞ্চলে ট্রেড অ্যাপ্রেন্টিস, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস এবং গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে ১ বছরের ট্রেনিং দেওয়া হবে বিভিন্ন ট্রেডে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: IOCL/MKTG/NR/APPR/2026-27/1

ট্রেড অ্যাপ্রেন্টিস

ট্রেনিং দেওয়া হবে এই সব ট্রেডে: ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক্স মেকানিক, ইনস্ট্রুমেন্ট মেকানিক, মেশিনিস্ট, ডেটা এন্ট্রি অপারেটর, ডেটা এন্ট্রি অপারেটর (স্কিল সার্টিফিকেট হোল্ডার)।

এরপর চারের পাতায়

## কাপুরথালা রেল কোচ ফ্যাক্টরিতে ৭৩৪ অ্যাপ্রেন্টিস

৭৩৪ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে পঞ্জাবের কাপুরথালার রেল কোচ ফ্যাক্টরির টেকনিক্যাল ট্রেনিং সেন্টার। অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ট্রেনিং দেওয়া হবে ফিটার, ওয়েল্ডার, ইলেক্ট্রিশিয়ান, পেইন্টার-সহ বিবিধ ট্রেডে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: A-1/2026

ট্রেড অনুসারে আসনবিন্যাস: ফিটার: ১৮০টি (সাধারণ ৯০, তফসিলি জাতি ২৭, তফসিলি উপজাতি ১৪, ওবিসি ৪৯)। এর মধ্যে ৭টি আসন দৈহিক প্রতিবন্ধী ও ৫টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ২২০টি (সাধারণ ১১১, তফসিলি জাতি ৩৩, তফসিলি উপজাতি ১৭, ওবিসি ৫৯)। এর মধ্যে ৯টি আসন দৈহিক প্রতিবন্ধী ও ৭টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। মেশিনিস্ট: ৬০টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৫, ওবিসি ১৬)। এর মধ্যে ২টি করে

এরপর চারের পাতায়

স্বনির্ভরতার সন্ধান

## সুতোর রিলের চাহিদা সারাবছর



**বাজারে নানা রঙের সুতো বিক্রি হয়। এগুলি মূলত পোশাক বানাতে বা সেলাই করতে কাজে লাগে। নির্দিষ্ট মাপের সুতো প্যাঁচানো থাকে শক্ত কাগজে তৈরি একটি ছোট নলে। সেটিই হল 'রিল'। পাইকারি বাজার থেকে সুতো কিনে রিল বানিয়ে বিক্রি— এক ভালো ব্যবসা।**

নিজস্ব প্রতিনিধি: কাপড় বুনতে সুতোর প্রয়োজন। কাপড় সেলাই করে পোশাক তৈরি করতেও কাজে লাগে সেই সুতো। কাজেই সুতোর চাহিদা সারা বছরই থাকে। পশ্চিমবঙ্গ সুতো উৎপাদনে এগিয়ে থাকা রাজ্য। এ রাজ্য থেকে সুতো রপ্তানি হয় অন্য রাজ্যে এবং বিদেশে। পশ্চিমবঙ্গের অভ্যন্তরীণ বাজারেও সুতোর চাহিদা অত্যন্ত বেশি। প্রতিনিয়ত পোশাক সেলাইয়ের জন্য সুতোর প্রয়োজন পড়ছে প্রতিটি দর্জির দোকানে ও পোশাক তৈরির কারখানায়। স্বাভাবিক কারণেই, সুতোর চাহিদা কখনও ফুরোনোর নয়।

পাইকারি দামে সুতো কিনে, মেশিনের সাহায্যে সুতোর রিল তৈরি করে বিক্রির কথা ভাবতে পারেন বেকার তরুণ-তরুণীরা। এই ব্যবসায় প্রাথমিক পর্যায়ে বিরাট পুঁজির প্রয়োজন নেই। বড় ধরনের লোকবল থাকারও দরকার হয় না। বিভিন্ন দর্জির দোকান বা পোশাক তৈরির কারখানার সঙ্গে যোগাযোগ করে সেই সুতোর রিল বিক্রি করতে পারেন। চাহিদা যথেষ্ট বেশি বলেই

এরপর দুয়ের পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন



# কর্মক্ষেত্র

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

## কর্মখালি

ট্যুর ম্যানেজার চাই (ভারতের বিভিন্ন স্থানে ট্যুরে যেতে হবে) স্থায়ী বেতন 16000 pm, Aarohi Tour (ISO certified) 91239-57776, 90513-94418 (বরানগর)

□

বেলোনা নার্সিং হোমের জন্য একজন মেডিক্যাল সুপারিনটেনডেন্ট প্রয়োজন। আমরা ১০ বছর বা তার বেশি অভিজ্ঞতাসম্পন্ন এমবিবিএস ডাক্তারদের আবেদন করার জন্য আমন্ত্রণ জানাচ্ছি। যোগাযোগ নম্বর: + 91 90964-71558. ইমেল: bellonapvt@gmail.com

□

MNC needs Managers Part/Full Time (25-69yr) Salary + Bonus + PF + Ex-gratia + PDA etc. Retd/VRS/ Bankers/ Ex-Army/ PSU/ Housewife 78604-03464.

□

Govt/PSU/Bank/Retd/VRS(40-65, Graduate) কর্মপ্রার্থীদের জন্য সম্মানের সহিত উচ্চ আয়ের সুযোগ প্রতিষ্ঠিত Banking Group কলকাতা অফিসে। Ph: 97331-05157

□

যাদবপুর সংলগ্ন ছোট সংসারে রান্না ও যাবতীয় কাজের জন্য 20-45 বয়সের কর্মঠ পুরুষ প্রয়োজন, থাকা খাওয়ার সুবন্দোবস্ত আছে। M: 89810-60458.

□

Job for Official Part/Full Time. No Sales. Direct Payroll. Fixed Salary 10K-60K + Inc. Age: 21-70. Retd/VRS/Rly/Bank/PSU. 98362-73358.

□

Reputed Corporate Gr. req. Retd./ House Wife/ Businessman/ Fresher HS + for Part/ Full Time Attractive Salary, Inc. + PF + ESI 62893-03389

□

ব্যাঙ্গালোরে বাঙালী পরিবারে ৩ জনের রান্নার জন্য ঘরের কাজে সহায়তা, বিশ্বস্ত অভিজ্ঞ লেখাপড়া জানা বয়স ৪০-এর মধ্যে কাজের মহিলা চাই। মো: 89811-91335.

□

## কর্মখালি

দঃ কলিঃ ভবানীপুরে মেডিকেল ডায়াগনস্টিক সেন্টারের জন্য Radiologist প্রয়োজন। 80175-18816

□

## Editor চাই

Bengali ও Chemistry-তে Honours Graduate Editor চাই। CV এবং মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও Graduation -এর marksheets email করুন: rayandmartineditor@gmail.com-এ। 6C রমানাথ মজুমদার স্ট্রিট। কল-9. কলেজ স্ট্রিটে কলেজ স্কোয়্যারের কাছে।

□

A Pvt. Ltd. Company in South Kolkata requires Senior Accountant with sound knowledge of Taxation. Email: hrgroupcom@gmail.com

□

Direct Employee Hiring for Leadership Role. No Sales. Fixed Salary + Incentive. Age 30-60. Retd/ Govt/ Pvt/ Rly/ Bank. Call-74395-60927.

□

Reputed Co. needs Retd/VRS/ গৃহবধূ for Mngr. 26-73, HS+. Salary upto 60K + PF + Mediclaim + TA. No Target. 2hr/3day. অফিস জব। 91237-81966.

□

Direct Employee Hiring for VRS/ Retd/Housewife/Others (HS+ 25-65) Fixed Salary + Incentive & Promotion Earning 10-50K/PM. 86172-65081.

□

Rajasthan Vidya Mandir requires P.G, B.Ed teacher for Physics. Interested candidates may send their resume to: rvmprincipal kolktata@ gmail.com

□

Mechanical Engineering Draftsmen Needed AutoCAD & Measurement. CV: admin@chemmaco.com WA: 70033-99128 / 70033-98376

□

দক্ষিণ কলকাতায় Regd. ডিটেকটিভ এজেন্সীর জন্য অফিস স্টাফ এবং পিওন (পুরুষ/মহিলা, বয়স-৪০ থেকে ৫৫) চাই। যোগাযোগ-96749-30973.

□

## কর্মখালি

Wanted Lady Office assistant & junior advocate having through knowledge in English and Computer for a legal firm at Dalhousie Kolkata (M) 98310-05626. Email- claimscorp20@gmail.com

□

এক জনের সংসারে রান্না ও যাবতীয় কাজের জন্য, 24 ঘন্টা 25-40 বয়সের সম্পূর্ণ পিছুটানহীন মহিলা প্রয়োজন। থাকা -খাওয়া + ৮০০০/- M- 90074-82692.

□

Bio data invited from Teachers of Biology & Psychology (M.Sc., B.Ed) having English medium Schooling for Rammohan Mission (ICSE) Kol-45. Email- rmmhs.45@gmail.com

□

কাশীপুর কিশোর ভারতী বিদ্যালয়ের জন্য ইংরেজি, জীবন বিজ্ঞান, ভৌত বিজ্ঞান শিক্ষক চাই। পি.জি ও বি.এড আবশ্যিক। আবাসিক অগ্রাধিকার। M: 98740-31392.

□

(1) উকিল (35L) (2) ব্যবসা/প্রকাশনা/ mktg./PRO অভিজ্ঞ (3) Ac/Comp./ Law + Outdoor Asst. (Hazra -Podra বাসী)। 85858-92443/91230-78306.

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৪ অগস্ট দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

## কর্মখালি

Require Experienced Sales Person for Jewellery Shop in Behala & Bhawanipur, Kolkata. Email Biodata: bbdjewel@yahoo.co.in or WhatsApp: 87772-60154.

□

এয়ারপোর্ট সংলগ্ন একজন বয়স্ক ব্যক্তির জন্য ২৪ ঘণ্টার রান্না ও ঘরের কাজের অনূর্ধ্বা ৪৫ মহিলা প্রয়োজন। খাওয়া থাকা-সহ বেতন ১২ হাজার। M-90730-42521.

□

ব্যারাকপুর অফিসে স্থায়ী পদে Male/ Female নিয়োগ। HS/BA বয়স 30-65 RETD Bank রেল Army টিচার ব্যবসায়ী গৃহবধূ অগ্রগণ্য। আয় 40K+ নো টার্গেট 99036-40452.

□

কলকাতার অফিসে Aditya Group-এ Manager পদে উপযুক্ত পুরুষ/মহিলা নিয়োগ। বয়স: 21-62, Graduate. Fixed 25K Salary + Medical + PF. Ph: 90642-69437.

□

স্বগৃহে Project E-Book দেখে হাতে লিখে/ফর্ম ফিলাপ করে/Comp, ল্যাপটপ, ডেটা এন্ট্রি বা ফোনে টাইপ করে PART TIME প্রতি সপ্তাহে আয়ের সুযোগ 85858-19609.

DISCLAIMER
SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.

assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

# স্টেট ব্যাঙ্কে ১৫৩৮ জুনিয়র অ্যাসোসিয়েট

প্রথম পাতার পর

জানতে হবে এবং ল্যাঙ্গুয়েজ টেস্ট দিতে হবে। তবে মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক স্তরে সংশ্লিষ্ট ভাষাটি পড়ে থাকলে, ল্যাঙ্গুয়েজ টেস্ট দিতে হবে না।

বয়স: ১-৪-২০২৬ তারিখে ২০ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, তফসিলি প্রতিবন্ধীরা ১৫, ওবিসি প্রতিবন্ধীরা ১৩ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মী, প্রতিবন্ধী প্রাক্তন সমরকর্মী, বিধবা, বিবাহবিচ্ছিন্না, আইনত স্বামীবিচ্ছিন্নারা পুনরায় বিবাহ না করে থাকলে নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: ২৪,০৫০-৬৪,৪৮০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দু' পর্যায়ের অনলাইন পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে: ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর), নিউমেরিক্যাল এবিলিটি (৩৫ নম্বর) ও রিজনিং এবিলিটি (৩৫ নম্বর)। সময়সীমা ১ ঘণ্টা। মেন এক্সামিনেশনে থাকবে জেনারেল বা ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস (৫০ নম্বর), জেনারেল ইংলিশ (৪০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০ নম্বর), রিজনিং এবিলিটি অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড (৬০ নম্বর) বিষয়ে প্রশ্ন। সময়সীমা ২ ঘণ্টা ৪০ মিনিট। নেগেটিভ মার্কিং থাকবে। এর পর লোকাল ল্যাঙ্গুয়েজ টেস্ট।

প্রিলিমিনারি পরীক্ষা সেপ্টেম্বরে। পশ্চিমবঙ্গের (স্টেট কোড ৪৫) পরীক্ষাকেন্দ্রগুলি হল: আসানসোল, দুর্গাপুর, হুগলি, কল্যাণী, শিলিগুড়ি, বর্ধমান ও কলকাতা। মেন পরীক্ষা হবে অক্টোবর বা নভেম্বরে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://sbi.bank.in/web/careers/current-openings দরখাস্তের শেষ তারিখ ২৭ অগস্ট। দরখাস্তের সময় আপলোড করতে হবে: ✓সম্প্রতি তোলা পাসপোর্ট মাপের রঙিন ফটো (সাদা বা হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে, ২০-৫০ কেবি সাইজের মধ্যে), ✓কালো কালিতে করা সই (১০-২০ কেবি সাইজের মধ্যে), ✓বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২০-৫০ কেবি সাইজের মধ্যে) এবং ✓ইংরেজিতে প্রার্থীর নিজের হাতে লেখা ডিক্লারেশন (৫০-১০০ কেবি সাইজের মধ্যে)।

ফি বাবদ অনলাইন দিতে হবে ৭৫০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধী প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্ত এবং ফি দিয়ে পাওয়া ই-রিসিটের ১কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://sbi.bank.in

# সুতোর রিলের চাহিদা সারাবছর

প্রথম পাতার পর

অল্প দিনের মধ্যে লাভের মুখ দেখার সম্ভাবনাও অনেকটাই বেশি।

তবে যে-কোনও ব্যবসাই দাঁড় করানোর জন্য বিপণন কৌশল পরিকল্পিত, পরিণত ও পোক্ত হওয়া জরুরি। এর জন্য বাড়াতে হবে জনসংযোগ। ব্যবসা শুরু করার আগে নিজেকেই সমীক্ষা করে দেখতে হবে, নিজের অঞ্চলে সুতোর রিলের চাহিদা কেমন! বিক্রির জন্য সোশ্যাল মিডিয়ার সাহায্য নিতে পারেন।

নামী ও প্রতিষ্ঠিত কোম্পানির তৈরি সুতোর রিলের সঙ্গে আপনার তৈরি সুতোর রিল তখনই পাল্লা দিতে পারবে, যদি তা মানে ভালো ও দামে কম হয়। তাই উপকরণ কেনার সময় মান যাচাই করতে হবে। প্রথম দিকে লাভ কম রেখে বিক্রি করতে পারলে ভালো। যত্ন নিতে হবে প্যাকেজিংয়ের ক্ষেত্রেও। ভালো মেশিন ও ভালো কাঁচামাল এই ব্যবসার মূল কথা।

## পাইকারি দরে সুতো কেনা

পাইকারি বাজার থেকে কিলো দরে সুতো কিনতে হবে। সুতোর পাইকারি বাজার প্রায় প্রতিটি জেলায় আছে। কলকাতায় বড়বাজার অঞ্চলে পাইকারি মূল্যে সুতো কিনতে পাওয়া যায়। অনলাইনও কিনতে পারেন। কিন্তু অনলাইন কেনাকাটায় সুতোর মান পরখ করে নেওয়া সম্ভব নয়। ব্যবসায় স্থায়িত্ব ও উন্নতির জন্য সুতো টেকসই এবং রং পাকা হওয়া অবশ্যই দরকার।

## সুতোর রিল তৈরির মেশিন

কেনা সুতো থেকে রিল তৈরি করার জন্য মেশিন প্রয়োজন। রিল তৈরির মেশিনের মাধ্যমে এক সঙ্গে তিনটি, পাঁচটি বা ছ'টি রিল তৈরি হয়। একই মেশিনে বিভিন্ন রঙের সুতোর রিল তৈরি করতে পারবেন। তার আগে কাগজ কেটে আঠা দিয়ে রোল তৈরি করে নিতে হবে। কাগজের রোলগুলো মেশিনের ববিনে দিয়ে এবং সুতো নির্দিষ্ট জায়গায় রেখে মেশিন চালু করলে তিন থেকে পাঁচ মিনিট লাগে রিল তৈরি হতে। এরপর এক-একটা রঙের সুতোর রিলকে প্লাস্টিকের টুকরোয় মুড়ে ২৪টা করে বাক্সে ভরে নিলেই তা বিক্রয়োপযোগী হয়ে গেল।

সুতোর জট ছাড়ানোর মেশিন-সহ সুতোর রিল তৈরির মেশিনের দাম দেড় লক্ষ টাকা। মেশিন কিনতে পাওয়া যাবে কলকাতার ভারত মেশিন টুলস ইন্ডাস্ট্রিতে।

যোগাযোগ: ভারত মেশিন টুলস ইন্ডাস্ট্রি, ৬১, গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা-৭০০ ০১৩, ফোন: (০৩৩) ২২৩৬-৮০১৫, ৯৪৩২৪-২২০৮৬।

# সেইলে ১১১০ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

প্রথম পাতার পর

মেকট্রনিক্স: ১০টি। ম্যানুফ্যাকচারিং প্রোসেস কন্ট্রোল অ্যান্ড অটোমেশন: ১০টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ। স্টাইপেন্ড: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ও ওয়েল্ডার ট্রেডের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ৯,৬০০ টাকা। বাকি সব ট্রেডের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ১০,৫৬০ টাকা।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ডিপ্লোমা): ৪১৪টি। সেরামিক টেকনোলজি: ৫টি। কেমিক্যাল: ১০টি। সিভিল: ৪০টি। কম্পিউটার সায়েন্স: ১৫টি। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং: ৫টি। ইলেক্ট্রিক্যাল: ৯০টি। মেকানিক্যাল/মেকট্রনিক্স: ৯০টি। মেটালার্জি: ২০টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন: ২০টি। ইনফর্মেশন টেকনোলজি: ২৫টি। অটোমোবাইল: ১০টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন: ১০টি। নার্সিং (জিএনএম): ৪০টি। ফিজিওথেরাপি (ডিপি): ৪টি। মেডিক্যাল ল্যাব টেকনোলজি (ডিএমএলটি): ৬টি। রেডিওলজিক্যাল টেকনোলজি (ডিআরটি): ৪টি। এক্স-রে টেকনোলজি (ডিএক্সটি): ১০টি। অপারেশন থিয়েটার টেকনোলজি (ডিওটিটি): ৪টি। ফার্মাসি (ডি ফার্মা): ৬টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট শাখায় ডিপ্লোমা। স্টাইপেন্ড: নির্দিষ্ট মাসিক ১০,৯০০ টাকা।

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: ২৭৫টি। সেরামিক টেকনোলজি: ৫টি। কেমিক্যাল: ১০টি। সিভিল: ১০টি। কম্পিউটার সায়েন্স: ১০টি। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং: ১০টি। ইলেক্ট্রিক্যাল: ১৫টি। মেকানিক্যাল/ মেকট্রনিক্স: ৩০টি। মেটালার্জি: ১০টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন: ১০টি। ইনফর্মেশন টেকনোলজি: ১০টি। অটোমোবাইল: ১০টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন: ১০টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন: ১০টি। আর্টস: ৪০টি। সায়েন্স: ১৫টি। কমার্স: ১০টি। কম্পিউটার অ্যাপ্লিকেশন: ১০টি। বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন: ১০টি। বি এসসি নার্সিং: ২০টি। ডেটা এন্ট্রি অপারেটর: ১০টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট শাখায় স্নাতক। স্টাইপেন্ড: নির্দিষ্ট মাসিক ১২,৩০০ টাকা।

বয়স: ৩১-৮-২০২৬ তারিখে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে।

মনে রাখবেন, প্রার্থীকে অবশ্যই ২০২২ সাল বা তার পরে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা অর্জন করে থাকতে হবে। এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে বা ১ বছর বা তার বেশি সময়ের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বর ও ওয়াক-ইন ইন্টারভিউয়ের ভিত্তিতে। প্রথমে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://apprenticeshipindia.org গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ও ডিপ্লোমা অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nats.education.gov.in এরপর সংশ্লিষ্ট ওয়েবসাইটের 'এস্টাবলিশমেন্ট সার্চ' অপশনে গিয়ে Steel Authority of India Limited, Rourkela Steel Plant-এ ক্লিক করে আবেদন করতে হবে। প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। আবেদনের শেষ তারিখ ২৬ অগস্ট। ওয়াক-ইন ইন্টারভিউ চলবে ১ থেকে ২৬ সেপ্টেম্বর পর্যন্ত।

ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: CENTRAL RECREATION ROOM, TRAINEES' HOSTEL, SECTOR-5, ROURKELA-769002, DIST: SUNDARGARH (ODISHA). প্রার্থীকে ইন্টারভিউ কেন্দ্রে পৌঁছতে হবে সকাল সাড়ে ৯টা থেকে সাড়ে ১০টার মধ্যে।

ইন্টারভিউয়ের সময় সঙ্গে নিতে হবে এই সব নথিপত্রের স্ব-প্রত্যয়িত নকল— শিক্ষাগত যোগ্যতার যাবতীয় সার্টিফিকেট, বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট, কাস্ট বা ওবিসি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), আধার কার্ড বা পাসবুক, সরকারি হাসপাতাল থেকে প্রাপ্ত মেডিক্যাল ফিটনেস সার্টিফিকেট, অ্যাপ্রেন্টিস হিসেবে রেজিস্ট্রেশনের সার্টিফিকেট। মূল নথিপত্রগুলিও সঙ্গে নিয়ে যাবেন। খুঁটিনাটি তথ্য জানতে দেখুন এই ওয়েবসাইট: sailcareers.com অথবা প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: ৮৮৯৫৫০১০০০।

## কী পড়বেন, কোথায় পড়বেন

# পুরনো নথিপত্র সংরক্ষণের সার্টিফিকেট কোর্স



পুরনো নথিপত্র সংরক্ষণের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল আর্কাইভস অব ইন্ডিয়ার অধীনস্থ স্কুল অব আর্কাইভাল স্টাডিজ। এটি কেন্দ্রের সংস্কৃতি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। কোর্সের নাম 'সার্টিফিকেট কোর্স ইন সার্ভিসিং অ্যান্ড রিপেয়ার অব রেকর্ডস'। কোর্স চলবে ২১ সেপ্টেম্বর থেকে ৩০ অক্টোবর পর্যন্ত। এটি একটি অনাবাসিক কোর্স।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। ইংরেজি ও হিন্দি ভাষায় দক্ষ হতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে।

কোর্স ফি: ৩০০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://nationalarchives.nic.in/sites/default/files/2026-07/96th-Short-Term-Certificate-Course.pdf

আবেদনের ফি বাবদ দিতে হবে ১০০ টাকার ইন্ডিয়ান পোস্টাল অর্ডার বা ডিমান্ড ড্রাফট বা ব্যাঙ্কার্স চেক। ফি 'Director General of Archives, National Archives of India, New Delhi'-র অনুকূলে প্রদেয় হতে হবে।

প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ যথাযথভাবে পূরণ করা আবেদনপত্র ২৪ অগস্টের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Director General of Archives, National Archives of India, Janpath, New Delhi110001. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://nationalarchives.nic.in

# কেন্দ্রীয় সরকারের বায়োটেক ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং প্রোগ্রাম

দেশের বিভিন্ন জৈবপ্রযুক্তি সংস্থায় হাতেকলমে প্রশিক্ষণের সুযোগ দিচ্ছে কেন্দ্রীয় সরকারের বায়োটেকনোলজি দপ্তর। প্রশিক্ষণটির পুরো নাম: ডিপার্টমেন্ট অব বায়োটেকনোলজি (ডি বি টি)-বায়োটেক ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং প্রোগ্রাম (বি আই টি পি)। প্রশিক্ষণের মেয়াদ ৬ মাস। প্রশিক্ষণ চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে।

আবেদনের যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর বা সমতুল গ্রেড-সহ বায়োটেকনোলজি বা বায়োইনফর্মেটিক্স-এ বি ই বা বি টেক বা এম টেক বা এম এসসি। ভেটেরিনারি সায়েন্সের (এম ভি এস সি) স্নাতকোত্তর ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন। এমবিএ প্রার্থীরাও আবেদনের যোগ্য। প্রার্থীকে অবশ্যই ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের আগে পাশ করে থাকতে হবে।

স্টাইপেন্ড: নির্দিষ্ট মাসিক ২৩,৩৫০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। পরীক্ষায় ১০০ নম্বরের প্রশ্ন হবে জেনারেল সায়েন্স, বায়োটেকনোলজি, জেনারেল অ্যাপ্টিটিউড বা অ্যানালিটিক্যাল ও জেনারেল নলেজ বিষয়ে। সময়সীমা ১ ঘণ্টা ৪০ মিনিট।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://bitp26.onlineapplicationform.org/BITP প্রথমে রেজিস্ট্রেশন। রেজিস্ট্রেশনের পর ইউজার আই ডি এবং পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। এছাড়া অনলাইন আবেদনের সময় প্রার্থীর জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো, কালো কালির সই, ফাইনাল মার্কশিটের স্বপ্রত্যয়িক নকল আপলোড করতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ৬ সেপ্টেম্বর।

ফি বাবদ দিতে হবে অনলাইনে ৯০০ টাকা। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং বা ইউ পি আইয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত সাবমিট করার পর পূরণ করা অ্যাপ্লিকেশন ফর্ম এবং ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

RICE ADAMAS GROUP

ADAMAS UNIVERSITY

NAAC GRADE A



INDUSTRY-LED PROGRAMS
- B.Tech Computer Science and Engineering (with specialization in SAP)
- B.Tech Electronics Engineering (VLSI Design and Technology)
- M.Sc (Clinical Embryology)

1Cr. Highest Package | 1000+ Recruiting Companies | 93%+ Placement Record | 108 Global University tie-ups | Up to 100% Scholarships available | 1Lakh+ Careers Shaped | 86+ Courses | 100% Internship Assistance

Campus Map Index: 1.Professors' Residence, 2.VC's Residence, 3.Academic Building 1, 4.Academic Building 2, 5.Academic Building 3, 6.Engineering Workshop, 7.School of Business, 8.School of Engineering & Technology, 9.School of Media & Communication, 10.School of Education, 11.School of Law & Justice, 12.School of Liberal Arts & Culture Studies, 13.Girls' residence -1, 14.Girls' residence - 2, 15.Boys' residence -1, 16.Boys' residence -2, 17.Sports Complex, 18.Pharmacy, 19.Mini Hospital, 20.Gymnasium, 21.Spa & Salon, 22.Food Court - 1, 23.Food Court - 2, 24.Food Court -3, 25.Admissions Building, 26.Bank & ATM, 27.Helipad, 28.Subhash Mukhopadhyay Stem Cell Lab, 29.Entry Gate, 30.Departmental Store, 31.Centre for Lifelong Learning

86 + Undergraduate & Postgraduate Programs

**School of Engineering and Technology**
- B.Tech (Civil Engineering)
- B.Tech (Biomedical Engineering)
- B.Tech (Computer Science and Engineering & Business Systems)
- B.Tech (Computer Science and Engineering)
- B. Tech (Electronics and Communication Engineering)
- B.Tech (Electrical Engineering)
- B.Tech Electronics Engineering (VLSI Design and Technology)
- B.Tech (Mechanical Engineering)
- B.Tech (Robotics and Artificial Intelligence)
- B.Tech CSE (Artificial Intelligence & Machine Learning)
- B.Tech CSE (Cloud Computing)
- B.Tech CSE (Cyber Security)
- B.Tech CSE (Data Science)
- B.Tech CSE (with specialization in SAP)
- B.Tech in Artificial Intelligence & Data Science (FinTech)
- B.Tech in Artificial Intelligence & Data Science (Business Applications)
- SAP Add-on Global Certification
- BCA
- M.Tech (VLSI & Embedded Systems)
- M.Tech (Data Science and Digital Transformation)
- M.Tech (Structural Engineering)
- MCA

**School of Health and Medical Sciences**
- B.Pharm
- B.A (Psychology)
- B.Sc (Psychology)
- B.Sc Food, Nutrition and Dietetics
- B.Sc Medical Laboratory Technology
- Bachelor of Optometry
- D.Pharm
- M.A (Psychology)
- M.Sc (Psychology)
- M.Sc (Clinical Embryology)
- M.Pharm (Pharmaceutics) / M.Pharm (Pharmacology)

**School of Basic and Applied Sciences**
- B.Sc (Chemistry)
- B.Sc (Environmental Science and Sustainability)
- B.Sc (Mathematics and Computing)
- B.Sc (Applied Statistics and Data Science)
- B.Sc (Forensic Science)
- B.Sc (Geography)
- B.Sc. (Geoinformatics)
- B.Sc (Physics)
- M.Sc (Chemistry)
- M.Sc (Environmental Science and Sustainability)
- M.Sc (Forensic Science)
- M.Sc (Geography)
- M.Sc (Geoinformatics)
- M.Sc (Physics)
- M.Sc (Applied Statistics and Data Science)
- Post-M.Sc Diploma in Medical Physics

**School of Liberal Arts & Culture Studies**
- B.A (Bengali Language and Literature)
- B.A (English Language and Literature)
- B.A (Political Science & International Relations)
- B.A (Public Administration & Governance)
- B.A (Sociology)
- B.A (History)
- B.Sc (Economics)
- B.A History (with Specialization in Heritage Studies)
- B.A. Sociology (with specialization in Corporate Social Responsibility and Management)
- M.A. Sociology (with specialization in Corporate Social Responsibility and Management)
- M.A (Bengali Language and Literature)
- M.A (English Language and Literature)
- M.A (History)
- M.A (Political Science & International Relations)
- M.A (Public Administration & Governance)
- M.A (Sociology)
- M.Sc (Economics)

**School of Media and Communication**
- B.A (Journalism & Mass Communication)
- B.Sc (Graphics, Animation & Media Technology)
- M.A (Journalism & Mass Communication)
- M.Sc (Graphics & Animation)

**School of Life Science and Biotechnology**
- B.Sc (Microbiology)
- B.Sc (Biochemistry)
- B.Sc (Biotechnology)
- B.Tech (Biotechnology)
- B.Tech (Food Technology)
- M.Sc (Biotechnology)
- M.Sc (Microbiology)
- M.Sc (Biochemistry)

**School of Business**
- B.Com
- BBA
- BBA in E-Commerce
- MBA
- MBA (Logistics and Supply Chain Management)
- MBA (Business Analytics)

**School of Education**
- B.A (Education)
- B.Ed
- M.A (Education)

**School of Law and Justice**
- BA. LLB (Hons)
- BBA. LLB (Hons)
- LL.M

**School of Smart Agriculture**
- B.Sc (Hons) Agriculture

*Lateral entry available in all streams subject to availability. | Ph.D. offered for all courses*

Admissions CLOSING SOON for 2026-27

6292 190 233
1800 419 7423
www.adamasuniversity.ac.in

**CAMPUS:** Adamas University, Barasat-Barrackpore Road, Barbaria, P.O Jagannathpur, District-24 Parganas (North), Kolkata-700 126, West Bengal, India **CITY OFFICE:** Haute Street, 86A, Topsia Road (2nd Floor), Topsia, Kolkata - 700046 **STATE OFFICES: AGARTALA:** Palace Compound, BK Road, Call 7005354877 **GUWAHATI:** 6th floor, F Fort building, Kachari basti road, Call: 6292027785 **JAMSHEDPUR:** 1st Floor, Seagull Apartment, Call: 9830080226 **RANCHI:** E 3, Ground Floor, Panchsheel Apartment, Dr Usha Rani Lane Lalpur Call: 6292030184 **PATNA:** Flat no-304, 3rd Floor, Hera Enclave Call: 923098601 2 **BHUBANESWAR:** Plot No. 1, Ground Floor, In front of Sisu Bhavan Flyover, Call: 9777798807 **SRINAGAR:** Shopian, District Shopian, Call: 9230969093 **DURGAPUR:** 3rd Floor, Tech Building, Red cross Road, Call: 9230987169 **SILIGURI:** 3rd Floor, International Market, Sevoke Road, Call: 9230987168

Scan to APPLY

SMU SIKKIM MANIPAL UNIVERSITY
(University under Section 2(f) of the UGC Act)

**APPLICATION INVITED FOR THE POSITION OF**

**VICE CHANCELLOR-SMU**

The Sikkim Manipal University (SMU), Gangtok, Sikkim, the first government-private initiative in the region, established in 1995 vide Sikkim Manipal University of Health, Medical and Technological Science Act (Act No. 9 of 1995). SMU is recognized by the University Grants Commission under Section 2(f) of the UGC Act, 1956 vide letter No. F. 9-7/96 (CPP-I) dated 9th December 1998 and approved by the Government of India.

SMU invites applications from eligible candidates fulfilling the following criteria for the position of Vice Chancellor.

The candidate must be a distinguished academician, with a minimum of ten years of experience as Professor in a University system or ten years of experience in an equivalent position in reputed research and/or academic administrative organization with a proven record of academic leadership. The person should possess the highest level of competence, integrity, morals and institutional commitments. He/She must be a visionary, strategist and a person with proven leadership qualities with the capabilities to take SMU to the league of top Universities in India.

Interested candidates having scholarly pursuit, academic interest and administrative abilities may apply having references of two eminent academicians with detailed profile and documents in support of the qualification, experience and a statement on vision and strategies for promoting SMU to a leading University in India.

The terms and conditions of the services will be those set forth in the Act, Statutes and Ordinances of the University.

Interested candidates whose age is less than **65 years** of age as on **31st August 2026** may submit applications through e-mail **on or before 29th August 2026** to:

**Pro Chancellor**
**Sikkim Manipal University (SMU)**
5th Mile, Tadong, Gangtok- (East Sikkim) - 737 102
Email: searchcommittee@smu.edu.in
Website: www.smu.edu.in

# ব্যাঙ্ক অব বরোদায় ১৭৫

*প্রথম পাতার পর*

(এমএমজিএস-টু): ১৩টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার সায়েন্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিগ্রি বা পিএমপি সার্টিফিকেটধারী হলে অগ্রাধিকার। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২৪ থেকে ৩৬ বছরের মধ্যে হতে হবে।

প্রোডাক্ট ম্যানেজার-ডিজিটাল লেন্ডিং (এমএমজিএস-টু): ৫টি (সাধারণ ৩, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। যে-কোনও শাখায় স্নাতকোত্তর ডিগ্রি, ডিজিটাল লেন্ডিং সংক্রান্ত সার্টিফিকেট কোর্স করা থাকলে অগ্রাধিকার। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২৩ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

**ফেসিলিটি ম্যানেজমেন্ট:** টেকনিক্যাল অফিসার-সিভিল ইঞ্জিনিয়ার (জেএমজিএস-ওয়ান): ৩৫টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ওবিসি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২৩ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

টেকনিক্যাল ম্যানেজার-সিভিল ইঞ্জিনিয়ার (এমএমজিএস-টু): ২১টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৪ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২৫ থেকে ৩৭ বছরের মধ্যে হতে হবে।

টেকনিক্যাল অফিসার-ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার (জেএমজিএস-ওয়ান): ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২৩ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

টেকনিক্যাল ম্যানেজার-ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার (এমএমজিএস-টু): ৯টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ওবিসি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৪ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২৫ থেকে ৩৭ বছরের মধ্যে হতে হবে।

**ইনফর্মেশন সিকিউরিটি:** ম্যানেজার-ইনফর্মেশন সিকিউরিটি (এমএমজিএস-টু): ১৩টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনস বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। অথবা এমসিএ। অথবা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি বা সাইবার সিকিউরিটিতে এম টেক। অথবা সাইবার সিকিউরিটিতে এম এসসি। পাশাপাশি, সিআইএসএম বা সিসিএনএ বা সিআইএসএসপি বা কম্পটিয়া সিকিউরিটি প্লাস সার্টিফিকেট থাকতে হবে। সিআইএসএম বা সিআরআইএসসি বা সিআইএসএসপি বা এসওসি সিকিউরিটি টেকনোলজি সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২৪ থেকে ৩৬ বছরের মধ্যে হতে হবে।

**সিকিউরিটি:** ম্যানেজার-সিকিউরিটি (এমএমজিএস-টু): ৫৪টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ২, ওবিসি ১৮, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। কম্পিউটারের অন্তত ৩ মাস মেয়াদের সার্টিফিকেট কোর্স করে থাকলে অগ্রাধিকার। স্নাতক বা উচ্চতর স্তরে ইনফর্মেশন টেকনোলজি বা সমতুল বিষয় পড়ে থাকলে, ফিজিক্যাল সিকিউরিটি প্রফেশনালের সার্টিফিকেট থাকলেও অগ্রাধিকার পাওয়া যাবে। সেই সঙ্গে আর্মি, নেভি বা এয়ারফোর্সে কমিশন্ড অফিসার হিসেবে বা অন্তত ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট র‍্যাঙ্কে পুলিশে বা অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট বা সমতুল পদে প্যারামিলিটারি ফোর্সে ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২৫ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

**কর্পোরেট অ্যাকাউন্টস অ্যান্ড ট্যাক্সেশন প্ল্যানিং:** ম্যানেজার-ট্যাক্সেশন (এমএমজিএস-টু): ৫টি (সাধারণ ৩, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট বা আইসিডব্লুএ। কোম্পানি সেক্রেটারি কোর্স করে থাকলে অগ্রাধিকার। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২৫ থেকে ৩৭ বছরের মধ্যে হতে হবে।

ম্যানেজার-অ্যাকাউন্টস (এমএমজিএস-টু): ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ওবিসি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট বা আইসিডব্লুএ। কোম্পানি সেক্রেটারি কোর্স করে থাকলে অগ্রাধিকার। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২৫ থেকে ৩৭ বছরের মধ্যে হতে হবে।

১-৮-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** জেএমজিএস-ওয়ান পদের ক্ষেত্রে ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা। এমএমজিএস-টু পদের ক্ষেত্রে ৬৪,৮২০-৯৩,৯৬০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। পরীক্ষায় থাকবে এই সব বিষয়ের প্রশ্ন: রিজনিং (২৫ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (২৫ নম্বর) এবং সংশ্লিষ্ট বিষয় (১৫০ নম্বর)। মোট নম্বর ২২৫। সময় আড়াই ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankofbaroda.bank.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৬ অগস্ট পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই ও প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৮৫০ টাকা (মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ১৭৫ টাকা)। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমার পরে সিস্টেম জেনারেটেড ই-রিসিটের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে দরকার হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ে জুনিয়র রিসার্চ ফেলো

বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগে জুনিয়র রিসার্চ ফেলো নেবে। অনুসন্ধান ন্যাশনাল রিসার্চ ফাউন্ডেশনের অর্থানুকূল্যে পরিচালিত প্রকল্পে নিয়োগ করা হবে ৩ বছরের জন্য। তবে প্রয়োজন হলে চুক্তির মেয়াদ বৃদ্ধি পেতে পারে।

**শিক্ষাগত যোগ্যতা:** কেমিস্ট্রিতে স্নাতকোত্তর ডিগ্রি। পাশাপাশি সিএসআইআর-ইউজিসি নেট বা ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট বা গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্টে উত্তীর্ণ হতে হবে।

**বয়স:** ২৮ বছরের মধ্যে হতে হবে।

**সাম্মানিক:** প্রথম দু' বছর প্রতি মাসে ৩৭ হাজার টাকা। তৃতীয় বছর প্রতি মাসে ৪২ হাজার টাকা।

**আবেদন করার শেষ তারিখ:** ১৫ অগস্ট।

বিশদ জানতে দেখুন বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইট: https://www.bhu.ac.in/

# কাপুরথালা রেল কোচ ফ্যাক্টরিতে ৭৩৪ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **পেইন্টার (জেনারেল):** ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১১)। এর মধ্যে ২টি আসন দৈহিক প্রতিবন্ধী ও ১টি আসন প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **কার্পেন্টার:** ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১১)। এর মধ্যে ২টি আসন দৈহিক প্রতিবন্ধী ও ১টি আসন প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **ইলেক্ট্রিশিয়ান:** ১১০টি (সাধারণ ৫৫, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ৮, ওবিসি ৩০)। এর মধ্যে ৪টি আসন দৈহিক প্রতিবন্ধী ও ৩টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **এসি অ্যান্ড রেফ্রিজারেটর মেকানিক:** ৪৪টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১২)। এর মধ্যে ২টি আসন দৈহিক প্রতিবন্ধী ও ১টি আসন প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **মেকানিক (মোটর ভেহিক্যল):** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ওবিসি ৫)। এর মধ্যে ১টি আসন প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **ইলেক্ট্রনিক মেকানিক:** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ওবিসি ৫)। এর মধ্যে ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট থাকতে হবে। এ ছাড়া, প্রার্থীর নাম তাঁর নিকটবর্তী এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নথিভুক্ত থাকতে হবে।

**বয়স:** ৫-৯-২০২৬ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। বয়সে তফসিলিরা ৫, ওবিসি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rcf.indianrailways.gov.in আবেদনের শেষ তারিখ ৫ সেপ্টেম্বর। প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে, ২০ থেকে ৭০ কেবি সাইজের মধ্যে), সই (জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে ২০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে), শিক্ষাগত যোগ্যতা, বয়সের প্রমাণপত্র-সহ যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে। ৩ মাসের বেশি পুরনো ফটো চলবে না।

অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা এসবিআই চালানের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিটের ১ কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে হবে না।

আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউট কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# এনএসওইউ-তে প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট

প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট নেবে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় (এনএসওইউ)। নিয়োগ করা হবে এশিয়ান অ্যাসোসিয়েশন অব ওপেন ইউনিভার্সিটিজ কোলাবোরেটিভ রিসার্চ প্রোগ্রামের অধীনে একটি প্রকল্পে। প্রকল্পটির আয়োজক এনএসওইউ-এর স্কুল অব ভোকেশনাল স্টাডিজ। নিয়োগ করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ২৪ অগস্ট।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ এডুকেশন, ইকনমিক্স, স্ট্যাটিস্টিক্স, সোশিয়োলজির মধ্যে যে-কোনও একটি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। সংশ্লিষ্ট ক্ষেত্রে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**সাম্মানিক:** প্রতি মাসে ১০ হাজার টাকা।

**বয়স:** ৩৭ বছরের মধ্যে হতে হবে।

বিশদ জানতে দেখুন নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইট: https://www.wbnsou.ac.in/

# ইন্ডিয়ান অয়েলে ৪৩৩ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল অনুসারে আসনের বিন্যাস— দিল্লি: ২০টি। হরিয়ানা: ১৭টি। পঞ্জাব: ১৮টি। হিমাচল প্রদেশ: ৯টি। চণ্ডীগড়: ১৩টি। জম্মু-কাশ্মীর: ৮টি। রাজস্থান: ৩৪টি। উত্তর প্রদেশ: ৪৭টি। উত্তরাখণ্ড: ৭টি।

শিক্ষাগত যোগ্যতা: ডেটা এন্ট্রি অপারেটরের ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক পাশ। ডেটা এন্ট্রি অপারেটর (স্কিল সার্টিফিকেট হোল্ডার)ট্রেডের ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক, সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ১ বছরের কম মেয়াদের কোর্সে ডোমেস্টিক ডেটা এন্ট্রি অপারেটর সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। স্নাতকরা আবেদন করবেন না। বাকি সব ট্রেডের ক্ষেত্রে মাধ্যমিক, সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে এনসিভিটি বা এসসিভিটি স্বীকৃত ২ বছর মেয়াদের আইটিআই কোর্স পাশ।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস**

ট্রেনিং দেওয়া হবে এই সব ট্রেডে: মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইনস্ট্রুমেন্টেশন, সিভিল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স।

রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল অনুসারে আসনের বিন্যাস— দিল্লি: ১০টি। হরিয়ানা: ১২টি। পঞ্জাব: ২৭টি। হিমাচল প্রদেশ: ৮টি। চণ্ডীগড়: ২টি। জম্মু-কাশ্মীর: ৭টি। রাজস্থান: ২৬টি। উত্তর প্রদেশ: ৫৪টি। উত্তরাখণ্ড: ১০টি।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ৩ বছর মেয়াদের ডিপ্লোমা।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস**

রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল অনুসারে আসনের বিন্যাস— দিল্লি: ২০টি। হরিয়ানা: ৮টি। পঞ্জাব: ১২টি। হিমাচল প্রদেশ: ৫টি। চণ্ডীগড়: ১৫টি। জম্মু-কাশ্মীর: ৫টি। রাজস্থান: ১৬টি। উত্তর প্রদেশ: ২০টি। উত্তরাখণ্ড: ৩টি।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ আর্টস বা কমার্স বা বিজ্ঞান শাখায় স্নাতক। বিবিএ ডিগ্রিও গ্রাহ্য হবে।

**বয়স:** ৩১-৮-২০২৬ তারিখে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

প্রার্থীকে প্রথমে অনলাইন রেজিস্ট্রেশন ও রেজিস্ট্রেশনের পর অনলাইন আবেদন করতে হবে গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nats.education.gov.in (এস্টাবলিশমেন্ট আইডি NDLSDC000005) এবং ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeshipindia.gov.in (এস্টাবলিশমেন্ট আইডি E05200700003)।

এরপর অনলাইন আবেদন করতে হবে এই লিঙ্কের মাধ্যমে: https://forms.cloud.microsoft/r/pw7D2cUK7c

আবেদনের শেষ তারিখ ৬ সেপ্টেম্বর।

খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.iocl.com/apprenticeships

# আর্মি অর্ডন্যান্স ক্যারে ২৬১৫

*প্রথম পাতার পর*

তফসিলি উপজাতি ৩, ওবিসি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক।

**বেতনক্রম:** ট্রেডসম্যান মেট ও মাল্টি টাস্কিং স্টাফ পদের ক্ষেত্রে ১৮,০০০-৫৬,৯০০ টাকা, মেটেরিয়াল অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ২৯,২০০-৯২,৩০০ টাকা, বাকি সব ক'টি পদের ক্ষেত্রে ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, স্কিল টেস্ট ও দৈহিক সক্ষমতার পরীক্ষার মাধ্যমে।

মোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে এই সব বিষয়ে (ব্র্যাকেটে নম্বর)— জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং (২৫), জেনারেল অ্যাওয়ারনেস (২৫), নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড (২৫) এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫)। সময়সীমা ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। লিখিত পরীক্ষা নভেম্বরে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://aocrecruitment.gov.in অনলাইন দরখাস্ত করা যাবে ২৪ অগস্ট থেকে ২৩ সেপ্টেম্বর পর্যন্ত।

বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহীরা নজর রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

# হকিন্সে ফ্রেশার ডিগ্রি ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ার

**নিজস্ব প্রতিনিধি:** ডিগ্রি ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ার নেবে প্রেশার কুকার উৎপাদক সংস্থা হকিন্স। ফ্রেশাররা আবেদন করতে পারেন। চাকরি হবে ম্যানুফ্যাকচারিং, রিসার্চ ও ডেভেলপমেন্ট, কোয়ালিটি কন্ট্রোল ও মেইন্টেন্যান্স বিভাগে।

আবেদন করবেন ইঞ্জিনিয়ারিংয়ের এই সব শাখার ডিগ্রি ও ডিপ্লোমাধারীরা: মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, সিভিল, টুল ডিজাইন ও ম্যানুফ্যাকচারিং, প্রোসেস ইঞ্জিনিয়ারিং, মেশিন ডিজাইন, প্রোডাক্ট ডিজাইন, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, সাপ্লাই চেন, মেটেরিয়াল সায়েন্স ও রোবোটিক্স।

ফ্রেশারদের দেড় বছরের ট্রেনিং হবে। এ সময় বার্ষিক বেতন অন্তত ৫ লক্ষ টাকা। দক্ষতা ও অভিজ্ঞতার নিরিখে বেতন আরও বেশি হতে পারে। ট্রেনিং শেষে বেতন বাড়বে।

যত দ্রুত সম্ভব আবেদন করতে পারেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.hawkinscookers.com/Jobs_ViewList_MgmtTrainees_R.aspx

# কেন্দ্রীয় নিরাপত্তা গবেষণাকেন্দ্রে ১৬৫ ইন্টার্ন

ইঞ্জিনিয়ারিং ও সায়েন্স শাখায় স্নাতক ও স্নাতকোত্তর স্তরে পাঠরত ১৬৫ জন ছাত্র-ছাত্রীকে ইন্টার্নশিপের সুযোগ দিচ্ছে হায়দরাবাদের ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট ল্যাবরেটরি (ডিআরডিএল)। এটি কেন্দ্রীয় সরকারের ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। ইন্টার্নশিপ শুরু হবে সেপ্টেম্বর মাসে। মেয়াদ ৬ মাস। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: DRDL/HRD/INTERNSHIP/2026/01

**আসনসংখ্যার বিবরণ:** ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং: ৫৮টি।

মেকানিক্যাল, কেমিক্যাল, অ্যারোস্পেস, প্রোডাকশন, মেটেরিয়াল, সেফটি, টেক্সটাইল টেকনোলজি: ৮৭টি।

ম্যাথমেটিক্স অ্যান্ড অ্যালায়েড সায়েন্স: ৫টি।

কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং: ১৫টি।

**শিক্ষাগত যোগ্যতা:** বি ই বা বি টেক অথবা এম ই বা এম টেক অথবা ফিজিক্যাল সায়েন্সে এম এসসি পাঠরত হতে হবে এবং সব ক'টি সেমিস্টারে গড়ে অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স:** ২৮ বছরের নীচে।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে এবং ওয়াক-ইন ইন্টারভিউয়ের মাধ্যমে।

ওয়াক-ইন ইন্টারভিউয়ের সময়ই আবেদনপত্র জমা দিতে হবে। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্রের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://drdo.gov.in/ আবেদনপত্রের নির্দিষ্ট জায়গায় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো সেঁটে দেবেন। আবেদনপত্রের সঙ্গে দেবেন শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত রেফারেল লেটার, শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, বয়সের প্রমাণপত্র, পরিচয়পত্র হিসেবে আধার কার্ড-সহ যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের নকল।

আবেদনপত্র ভরা খামের উপর লিখবেন: "Application for Paid Internship" এবং সংশ্লিষ্ট "Branch Code (EE/ME/PH/CS)"।

এ ছাড়াও আবেদনপত্র স্ক্যান করে ই-মেল করতে হবে এই আইডিতে: drdlintern2026@gmail.com

ওয়াক-ইন ইন্টারভিউয়ের তারিখ-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.drdo.gov.in

## স্কলারশিপের খোঁজখবর

### নিকন স্কলারশিপ প্রোগ্রাম ২০২৫-২৬

ফটোগ্রাফির পেশাদারি কোর্সে প্রশিক্ষণরত আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের স্কলারশিপ দেবে নিকন ইন্ডিয়া। কোর্সের মেয়াদ অন্তত তিন মাস হতে হবে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৬ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** অন্তত উচ্চমাধ্যমিক পাশ।

**স্কলারশিপের পরিমাণ:** সর্বাধিক ১ লাখ টাকা।

অনলাইনে আবেদন করা যাবে ২৪ অগস্ট পর্যন্ত। আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট: www.b4s.in/karma/NIKON14

### স্ক্যাফলার ইন্ডিয়া হোপ ইঞ্জিনিয়ারিং স্কলারশিপ প্রোগ্রাম ২০২৬

ইঞ্জিনিয়ারিংয়ের স্নাতক কোর্সের প্রথম বর্ষে পাঠরত ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে স্ক্যাফলার ইন্ডিয়া। বিষয়গুলি হল: অটোমোবাইল, মেকানিক্যাল, মেকট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, প্রোডাকশন, ইনস্ট্রুমেন্টেশন, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং ও ইনফর্মেশন টেকনোলজি। প্রতিবন্ধী প্রার্থীদের অগ্রাধিকার। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৫ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ।

**স্কলারশিপের পরিমাণ** ৫০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে পারেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/SIHE17 আবেদনের শেষ তারিখ ১৫ অগস্ট।

*(তথ্য সহায়তা: buddy4study)*

# কোঙ্কন রেলে ১৩৪ অ্যাপ্রেন্টিস

বিভিন্ন ইঞ্জিনিয়ারিং শাখায় ১৩৪ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে কোঙ্কন রেলওয়ে কর্পোরেশন। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ ও সংশোধনী অ্যাক্ট, ১৯৭৩ অনুসারে গ্র্যাজুয়েট, ডিপ্লোমা ও স্নাতকের জেনারেল শাখায় অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিং চলাকালীন প্রতি মাসে নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। ট্রেনিংয়ের মেয়াদ ১ বছর। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: CO/APPR/2026/01.

**শাখা অনুসারে আসনসংখ্যার বিবরণ: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস:** সিভিল ইঞ্জিনিয়ারিং: ২৪টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৪, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং: ১৮টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং: ৮টি (সাধারণ ৫, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং: ১০টি (সাধারণ ৮, তফসিলি উপজাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস:** সিভিল ইঞ্জিনিয়ারিং: ২০টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ২)। ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং: ১২টি (সাধারণ ৯, তফসিলি উপজাতি ১, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং: ৭টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং: ১৫টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

**জেনারেল স্ট্রিম গ্র্যাজুয়েট:** ২০টি (সাধারণ ১৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। ডিপ্লোমা অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে সংশ্লিষ্ট বা সমতুল শাখায় ডিপ্লোমা। ইলেক্ট্রিক্যালের ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিং বা কোনও কম্বিনেশন, ইলেক্ট্রনিক্সের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল বা ইনফর্মেশন টেকনোলজি বা কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা কোনও কম্বিনেশন, মেকানিক্যালের ক্ষেত্রে ইন্ডাস্ট্রিয়াল বা অটোমোবাইল বা প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা ডিপ্লোমা থাকলেও আবেদন গ্রাহ্য হবে। জেনারেল স্ট্রিম গ্র্যাজুয়েটের ক্ষেত্রে আর্টস, সায়েন্স, কমার্স, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন, ম্যানেজমেন্ট সায়েন্স, জার্নালিজম অ্যান্ড মাস কমিউনিকেশন, বিজনেস স্টাডিজ— যে-কোনও একটিতে স্নাতক ডিগ্রি থাকতে হবে।

সব ক্ষেত্রেই প্রার্থীকে ২০২১ বা তার পরে পাশ করে থাকতে হবে।

**বয়স:** ১-১-২০২৬ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ বছরের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** গ্র্যাজুয়েটদের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ৬,১৫০ টাকা। ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ৫,৪৫০ টাকা।

প্রাথমিক ভাবে শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। নথিপত্র যাচাই করা হবে ২৪ থেকে ২৮ অগস্টের মধ্যে, এই ঠিকানায়: Executives Club, Konkan Rail Vihar, Sector-40, Opp. Seawoods Railway Station (West), Navi Mumbai-400706. রেজিস্ট্রেশনের সময় সকাল ৯টা থেকে দুপুর ১২টা।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nats.education.gov.in/ রেজিস্ট্রেশনের পর এনরোলমেন্ট নম্বর পাওয়া যাবে। এটি লিখে রাখবেন। খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: https://konkanrailway.com/

# ক্ল্যাট অ্যাডমিশন টেস্ট ৬ ডিসেম্বর

আইনের পাঁচ বছর মেয়াদের ইন্টিগ্রেটেড স্নাতক এবং ১ বছর মেয়াদের স্নাতকোত্তর কোর্সে ভর্তির জন্য দেশজুড়ে কমন ল অ্যাডমিশন টেস্ট (ক্ল্যাট), ২০২৭ আয়োজিত হবে ৬ ডিসেম্বর। এই পরীক্ষার মাধ্যমে কলকাতার দ্য ওয়েস্ট বেঙ্গল ন্যাশনাল ইউনিভার্সিটি অব জুরিডিক্যাল সায়েন্সেস-সহ সারা ভারতের ২৭টি জাতীয় আইন বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া যায়।

শিক্ষাগত যোগ্যতা: স্নাতক কোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলি এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। স্নাতকোত্তর কোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ আইনে স্নাতক। উভয় ক্ষেত্রেই ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। স্নাতক স্তরের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে ইংরেজি, জেনারেল নলেজ-সহ কারেন্ট অ্যাফেয়ার্স, লিগ্যাল রিজনিং, লজিক্যাল রিজনিং এবং কোয়ান্টিটেটিভ টেকনিকস বিষয়ে। মোট নম্বর ১৫০। স্নাতকোত্তর স্তরের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে কনস্টিটিউশনাল ল, জুরিসপ্রুডেন্স এবং অন্যান্য আইন-সংক্রান্ত বিষয়ে। মোট নম্বর ১২০। উভয় ক্ষেত্রেই সময়সীমা ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://consortiumofnlus.ac.in আবেদন করা যাবে ৩১ অক্টোবর পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো, সই এবং প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, ও বি সি সার্টিফিকেট, প্রতিবন্ধকতার সার্টিফিকেট, বি পি এল ক্যাটেগরির ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট আপলোড করতে হবে। দরখাস্তের সময় রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এটি লিখে রাখবেন। পরে কাজে লাগবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ৪,০০০ টাকা (তফসিলি, প্রতিবন্ধী ও দারিদ্রসীমার নীচে থাকা প্রার্থীদের ক্ষেত্রে ৩,৫০০ টাকা)।

আবেদনের পদ্ধতি ও অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।



# কারেন্ট অ্যাফেয়ার্স

২৬ জুলাই-৩০ জুলাই

**২৬ জুলাই** নেপালে বৈধ হচ্ছে ভারতের ২০০ এবং ৫০০ টাকার নোট। নেপাল রাষ্ট্র ব্যাঙ্ক (এনআরবি)-র তরফে এ ব্যাপারে বিজ্ঞপ্তি জারি হয়েছে। ভারতে নোটবন্দির প্রায় এক দশক পরে ভারতীয় নোটের উপর থেকে কড়াকড়ি তুলে নিল তারা। এর ফলে দু'দেশের নাগরিকদেরই স্বস্তি মিলবে। উল্লেখ্য, গত ১০ বছরে সে দেশে ভারত এবং নেপালের নাগরিকরা ভারতীয় মুদ্রায় সর্বোচ্চ ১০০ টাকা ব্যবহার করতে পারতেন। তবে আগেও যেমন ভারতের নাগরিকরা নেপালে মাথাপিছু সর্বোচ্চ ২৫ হাজার ভারতীয় টাকা নিয়ে যেতে পারতেন এখনও সেই নিয়মই অপরিবর্তিত থাকছে।

## সংসদে বিতর্ক, শাহের ইস্তফা চাইলেন রাহুল



**২৯ জুলাই:** সিজেপি-র হয়ে আন্দোলনে নামা পড়ুয়াদের উপরে পুলিশি হামলার জন্য লোকসভায় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর পদ থেকে অমিত শাহের ইস্তফার দাবি তুললেন লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী। তাঁর অভিযোগ, অমিত শাহই স্বরাষ্ট্রমন্ত্রী হিসেবে পুলিশ, কেন্দ্রীয় বাহিনীকে ছাত্রদের উপর ছররা বন্দুক, কাঁদানে গ্যাস, পেরেক লাগানো লাঠি, এ কে-৪৭ নিয়ে চড়াও হওয়ার নির্দেশ দিয়েছিলেন। শাসক শিবির এই অভিযোগে প্রবল আপত্তি তোলে। শাসক শিবির দাবি তোলে রাহুলকে ক্ষমা চাইতে হবে। রাহুল তাতে রাজি না হওয়ায় লোকসভা কিছুক্ষণের জন্য মুলতুবি হয়ে যায়। সংসদের নথি থেকে রাহুলের ওই মন্তব্য মুছে দেওয়া হয়। পরে কংগ্রেসের সদর দফতরে সাংবাদিক বৈঠক করে রাহুল ফের দাবি করেন অমিত শাহ যদি হামলার নির্দেশ দিয়ে থাকেন, তাহলে তিনিই দোষী। আর যদি তাঁর অজ্ঞাতে এসব হয়ে থাকে, তাহলে তিনি অকর্মণ্য। তাঁকে সংসদে হাজির হয়ে এ নিয়ে ব্যাখ্যা দিতে হবে। দুটোর মধ্যে যেটাই হয়ে থাক তাঁকে পদত্যাগ করতে হবে।



"আমেরিকার বাণিজ্য প্রতিনিধি দফতরের সাম্প্রতিক রিপোর্টে বিনা মাসুলে ইউপিআই, রুপে লেনদেনের সমালোচনা করা হয়েছে, আমেরিকার লেনদেন সংস্থাগুলিকে লোকসানে ফেলার অভিযোগ উঠেছে। তাই কি প্রধানমন্ত্রী তাঁর বন্ধু ডোনাল্ড ট্রাম্পের চাপে ইউপিআই-কে লঘু করে দিয়েছেন?"

জয়রাম রমেশ, *প্রবীণ কংগ্রেস নেতা ও রাজ্যসভা সাংসদ*

এতদিন ডিজিটাল লেনদেনে উৎসাহ দিয়ে, এখন কেন্দ্র তাতেই মাসুল চাপাতে চাইছে কেন সেই প্রশ্ন তুলে

**২৭ জুলাই** ধর্মেন্দ্র প্রধান শিক্ষা মন্ত্রকের দায়িত্ব হারালেও সংসদে আসতেই তাঁকে বিপুল অভিনন্দন জানিয়ে বিজেপি নেতারা বোঝালেন প্রাক্তন শিক্ষামন্ত্রী দলে যথেষ্টই গ্রহণযোগ্য। রাজনৈতিক কারণে ইস্তফা দিতে হলেও দল যে সম্পূর্ণভাবে তাঁর পাশে আছে সেই বার্তা দেওয়া হল। অন্যদিকে, কংগ্রেস নেতৃত্ব কটাক্ষ করে জানিয়েছে, অতীতে বিজেপি নেতারা গুজরাটের বিলকিস বানুর ধর্ষকদের মুক্তিকে স্বাগত জানিয়েছিলেন। এখানেও বুঝিয়ে দেওয়া হল, ধর্মেন্দ্র ইস্তফা দিয়েছেন বটে, কিন্তু দল মনে করে না তিনি কোনও ভুল করেছেন। উল্লেখ্য, শিক্ষামন্ত্রীর পদ ছাড়ার পর এদিন প্রথমবার সংসদে আসেন ধর্মেন্দ্র প্রধান। তাঁকে মাথায় পাগড়ি পরিয়ে দলের তরফে স্বাগত জানানো হয়।

**বাজারে পলিমারের নোট আনতে** সায় দিল কেন্দ্র। সংসদে অর্থ প্রতিমন্ত্রী পঙ্কজ চৌধুরি জানালেন, ১০ এবং ২০ টাকার পলিমার নোটের জন্য রিজার্ভ ব্যাঙ্ককে সায় দিয়েছে সরকার। প্রথম দফায় পরীক্ষামূলক ভাবে ১০০ কোটি করে ১০ এবং ২০ টাকার নোট ছাড়া হবে। সংশ্লিষ্ট মহলের মতে, বহুদিন ধরে ছোট অঙ্কের নোটের অভাবে যাতায়াতে কিংবা দোকান-বাজারে সমস্যায় পড়ছেন সাধারণ মানুষ। উল্লেখ্য, ২০১৪ সালে পাঁচ শহরে পলিমারের ১০ টাকার নোট পরীক্ষামূলক ভাবে আনার কথা বলা হয়েছিল। ভৌগোলিক অবস্থান ও আবহাওয়া বিচার করে কোচি, জয়পুর, সিমলা, মাইসুরু এবং ভুবনেশ্বরকে বাছা হয়। তবে নানা সমস্যায় উদ্যোগ থমকে যায়।

**গ্লাসগো কমনওয়েলথ গেমসে** ভারোত্তোলনে মেয়েদের ৫৩ এবং ৫৮ কেজি বিভাগে জোড়া পদক পেল ভারত। ৫৩ কেজি বিভাগে রুপো পেলেন জ্ঞানেশ্বরী যাদব। অন্যদিকে ৫৮ কেজি বিভাগে ভারতকে ব্রোঞ্জ এনে দিলেন বিন্দিয়ারানি দেবী। দুই বিভাগেই সোনা জিতলেন নাইজিরিয়ার মেয়েরা। প্রতিযোগিতার পঞ্চম দিনে পদক তালিকায় অস্ট্রেলিয়াই সবার উপরে রয়েছে। তারা প্রথম পাঁচ দিনেই ২৩টি সোনা, ১০টি রুপো এবং ১৮টি ব্রোঞ্জ পদক পেয়েছে। ভারতের পাঁচ দিনে সংগ্রহ ১টি সোনা, ৩টি রুপো ও ২টি ব্রোঞ্জ।

**২৮ জুলাই** পশ্চিমবঙ্গ রাজ্য তথ্য কমিশনের সদস্য পদ থেকে ইস্তফা দিলেন সঞ্চিতা কুমার। তিনি অবসরপ্রাপ্ত আইপিএস অফিসার এবং কালীঘাট তৃণমূলের বর্তমান রাজ্যসভার সাংসদ রাজীব কুমারের স্ত্রী। রাজ্যপাল আর এন রবির উদ্দেশে পাঠানো চিঠিতে সঞ্চিতা জানান, রাজ্য বর্তমানে তাঁকে আর ওই পদে চায় না। ২০২৫ সালের জুন মাসে তাঁকে রাজ্য তথ্য কমিশনের সদস্য হিসেবে নিয়োগ করেছিল তৃণমূল সরকার।

**ককরোচ জনতা পার্টি (সিজেপি)-র** আন্দোলনকে ঘিরে দিল্লি এবং বিভিন্ন রাজ্যে বিক্ষোভকারীদের বিরুদ্ধে দমনমূলক আচরণ বন্ধ করার নির্দেশ দিল সুপ্রিম কোর্ট। ১৮ বছরের কমবয়সি যেসব নাবালককে আটক করেছিল পুলিশ, অবিলম্বে তাদের মুক্তি দিতে বলা হয়েছে। সিজেপি-র আন্দোলন ঘিরে পুলিশি অত্যাচারের যে অভিযোগ উঠেছে তারও তদন্ত হবে। শীর্ষ আদালত আরও জানিয়েছে, বিক্ষোভের সময়ের সিসিটিভি ফুটেজ, ড্রোন রেকর্ডিং, ওয়্যারলেসে যোগাযোগ ও অন্যান্য রেকর্ডগুলির সংরক্ষণ করতে হবে।

**২৯ জুলাই** প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিংহের মৃত্যুর দেড় বছর পরে বন্ধ হল তাঁর বিরুদ্ধে কয়লা কেলেঙ্কারির মামলা। এই মামলায় মনমোহনের বিরুদ্ধে তদন্ত বন্ধের রিপোর্ট (ক্লোজার রিপোর্ট) জমা দিয়েছিল সিবিআই। এদিন তা গ্রহণ করল সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সূর্য কান্তের নেতৃত্বাধীন বেঞ্চ। শীর্ষ আদালতের সিদ্ধান্তের পর কংগ্রেস মুখপাত্র জয়রাম রমেশ বলেন, 'প্রধানমন্ত্রীর উচিত দেশের কাছে ক্ষমাপ্রার্থনা করা।' প্রসঙ্গত, ইউপিএ জমানায় বিভিন্ন বেসরকারি সংস্থাকে কয়লাখনির বরাত দেওয়ায় অনিয়মের অভিযোগ ওঠে। হিন্দালকো সংস্থাকে কয়লাখনির বরাত দেওয়ার মামলায় মনমোহনকে বিশেষ আদালত সমন পাঠায়।

**বীরভূমের দেউচা বাসস্ট্যান্ডের** কাছে জনৈক মহম্মদ মিনার মণ্ডলের বাড়ি থেকে নগদ সাড়ে ২৮ কোটি টাকা ও ১৫ কেজি সোনা আটক করল পুলিশ। মিনারের সম্পর্কিত শ্যালক টুলু মণ্ডল বীরভূমের বহুচর্চিত ও বিতর্কিত পাথর ও বালি কারবারি। উদ্ধার হওয়া টাকা ও সোনার সঙ্গে এই ব্যক্তির সরাসরি যোগ রয়েছে বলে জানিয়েছে পুলিশ। তবে বালি ও পাথরের এই কারবারি টুলু মণ্ডল ওরফে মহম্মদ নাজিবউদ্দিনের খোঁজ মেলেনি। পুলিশ সূত্রের দাবি রাজ্যে ক্ষমতা বদলের পর পরই দেশ ছেড়েছে টুলু।

**বিরোধীদের প্রবল হইচইয়ের** মধ্যেই লোকসভায় পাশ হয়ে গেল সরকারি পরীক্ষায় কারচুপি প্রতিরোধ সংক্রান্ত সংশোধনী বিল। বিলটিতে প্রশ্ন ফাঁস ও পরীক্ষা সংক্রান্ত জালিয়াতি রুখতে একাধিক নতুন শর্ত জোড়া হয়েছে। সংশোধনী বিলে এ ধরনের মামলাগুলির দ্রুত নিষ্পত্তি করতে ফাস্ট ট্র্যাক আদালত গঠনের কথা বলা হয়েছে। বাড়ানো হয়েছে শাস্তি। পরীক্ষায় কারচুপির সঙ্গে জড়িতদের সর্বাধিক ১০ বছর পর্যন্ত কারাদণ্ডের ব্যবস্থা রাখা হয়েছে নতুন বিলে।

## অধিকৃত কাশ্মীরে নির্বাচনে অশান্তি, প্রশ্ন তুললেন ফারুক



**২৯ জুলাই:** পাক অধিকৃত কাশ্মীরে প্রাদেশিক নির্বাচন ঘিরে অশান্তি আরও বাড়ল। রাওয়ালকোটে পাকিস্তানের নিরাপত্তাবাহিনীর গুলিতে অন্তত ২০ জন বিক্ষোভকারীর মৃত্যুর খবর মিলেছে। এই ঘটনায় এবার পাক প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ সরকারের নিন্দা করেছে এক মার্কিন মানবাধিকার সংস্থা। ভোট চলাকালীন বিক্ষোভকারীদের উপর সশস্ত্র বাহিনীর হামলার ঘটনায় বিশেষ কমিটি গড়ে তদন্তের কাজ শুরুর পরামর্শও দিয়েছে সংস্থাটি। বিক্ষোভরত জনতার উপর গুলি চালানোর বিরুদ্ধে মুখ খুলেছেন জম্মু ও কাশ্মীরের তিনবারের প্রাক্তন মুখ্যমন্ত্রী ফারুক আবদুল্লা। ন্যাশনাল কনফারেন্স সভাপতি প্রশ্ন তুলেছেন, 'পাক অধিকৃত কাশ্মীর যদি ভারতেরই অংশ হয়, তাহলে কেন্দ্রীয় সরকার এই হত্যাকাণ্ডের বিষয়ে এখনও নীরব কেন?'

## অবসরে রাহানে



**৩০ জুলাই:** সব ধরনের আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় জানালেন অজিঙ্ক রাহানে। সমাজমাধ্যমে দেওয়া ভিডিয়ো বার্তায় ৩৮ বছর বয়সি রাহানে ফ্র্যাঞ্চাইজি ক্রিকেটের কথা উল্লেখ করেননি। ফলে আইপিএলে তাঁকে দেখা যাবে কিনা সে প্রশ্ন থেকেই যাচ্ছে। ভারতের জার্সিতে ৮৫ টেস্ট, ৯০ ওয়ান ডে এবং ২০টি টি-টোয়েন্টি ম্যাচ খেলেছেন রাহানে। টেস্টে তাঁর রান ৫,৩৭৭। শতরান ১২টি। একদিনের ম্যাচে করেছেন ২,৯৬২ রান। রয়েছে তিনটি শতরানও। টি-টোয়েন্টিতে করেছেন ৩৭৫ রান। সব ধরনের ক্রিকেট মিলিয়ে তাঁর মোট অর্ধশতরানের সংখ্যা ৫১। দেশকে ছয়টি টেস্টে নেতৃত্ব দিয়েছেন। একটিতেও হারেননি। চারটিতে জয় হয়েছে, ড্র হয়েছে দু'টি।

## আন্তর্জাতিক ফুটবল থেকে অবসর নেমারের



**২৯ জুলাই:** ৩৪ বছর বয়সে আন্তর্জাতিক ফুটবলকে বিদায় জানালেন নেমার দা সিলভা স্যান্টোস জুনিয়র। নরওয়ের বিরুদ্ধে ১-২ হেরে বিশ্বকাপের শেষ ষোল থেকে ব্রাজিলের বিদায়ের পরে মাঠের মধ্যেই কান্নায় ভেঙে পড়েছিলেন নেমার। এদিন কোপা সুদামেরিকানার নক-আউট প্লে অফে ইউনিভার্সিদাদ সেন্ট্রালের বিরুদ্ধে স্যান্টোস এফসি-র ৪-২ জয়ে জোড়া গোল করেন নেমার। ম্যাচের পরে জানিয়ে দেন, ব্রাজিলের জার্সিতে আর খেলার কথা ভাবছেন না। উল্লেখ্য, দেশের হয়ে ১৩০ ম্যাচে ৮০ গোল করেছেন নেমার যা ব্রাজিলের ইতিহাসে সর্বোচ্চ।

## জিম্বাবোয়ের বিরুদ্ধে ৩-০ সিরিজ জয় ভারতের




**২৬ জুলাই:** জিম্বাবোয়ে সফরে গিয়ে সে দেশের বিরুদ্ধে ৩-০ ফলাফলে টি-টোয়েন্টি সিরিজ জিতল ভারত। বৈভব সূর্যবংশীর ৪৯ বলে ৮১ রানের ব্যাটিং ঝড়ে হারারে স্পোর্টস ক্লাবের স্টেডিয়ামে তৃতীয় ম্যাচে ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে ১৯২ রান করে ভারত। জবাবে জিম্বাবোয়ে আটকে যায় সাত উইকেটে ১৫৭ রানে। ৩৫ রানে জিতে সিরিজ ৩-০ করল ভারত। ম্যাচের সেরা হওয়ার পাশাপাশি সিরিজ সেরার পুরস্কারও পেয়েছে বৈভব। সেইসঙ্গে অধিনায়ক হিসেবে প্রথম সিরিজ জিতলেন শ্রেয়স আয়ারও।

## রান না দিয়ে, টানা পাঁচ ওভারে পাঁচ উইকেট গ্রিভসের



**২৮ জুলাই:** দেড়শো বছরের টেস্ট ক্রিকেটের ইতিহাসে নতুন নজির গড়লেন ওয়েস্ট ইন্ডিজের ফাস্ট বোলার জাস্টিন গ্রিভস। টানা পাঁচ ওভারেই পাঁচ উইকেট পেলেন, সঙ্গে প্রত্যেকটিই মেডেন ওভার। ত্রিনিদাদ ও টোবাগোয় ব্রায়ান লারা স্টেডিয়ামে পাকিস্তানের বিরুদ্ধে এই রেকর্ড গড়লেন ক্যারিবিয়ান পেসার। প্রথম টেস্টের প্রথম ইনিংসে ওয়েস্ট ইন্ডিজ তোলে ৩১১। জবাবে ব্যাট করতে নেমে পাকিস্তান শুরুটা ভালো করলেও গ্রিভসের বিধ্বংসী বোলিংয়ের সামনে ২৮২ রানে শেষ হয়ে যায় পাকিস্তানের ইনিংস। গ্রিভসের বোলিং পরিসংখ্যান ১১-৬-২৭-৫। খেলোয়াড় জীবনের ১৭তম টেস্টে নেমে প্রথমবার পাঁচ উইকেট পেলেন তিনি।

জলে-জমিতে কর্মক্ষেত্র

# গ্রোব্যাগে ফসলের চাষ



**ছাদে কিংবা বাড়ির সামনে এক চিলতে জমিতে গ্রোব্যাগের মধ্যে শাক-সবজি থেকে শুরু করে ফলমূল উৎপাদন করছেন অনেকেই। এখন বাণিজ্যিক চাষেও গ্রোব্যাগের ব্যবহার লক্ষ করা যাচ্ছে। গ্রোব্যাগে চাষের ক্ষেত্রে গাছে পোকা ও রোগের আক্রমণ কম হয়। তা ছাড়াও ইচ্ছেমতো গাছকে স্থানান্তরিত করা যায়। সুবিধা অনেক, জানাচ্ছেন পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত যুগ্ম কৃষিঅধিকর্তা সৌমেন্দ্রনাথ দাস।**

টবের পরিবর্তে 'গ্রোব্যাগ' ব্যবহার করে ফসলের চাষ দ্রুত জনপ্রিয় হচ্ছে। শখের বাগান অথবা অল্প পরিমাণ জায়গায় বাণিজ্যিক ভাবে লাভজনক ফসল চাষের ক্ষেত্রেও এই পদ্ধতি খুবই কার্যকরী।

যাঁদের চাষের জমি নেই, তাঁরা বাড়ির খোলা ছাদে, বারান্দায় অথবা বাড়ির সামনে এক ফালি জমিতে গ্রোব্যাগ পদ্ধতিতে নানান ফসলের চাষ করে সফল হতে পারেন। লক্ষ্য রাখতে হবে, গ্রোব্যাগগুলি যেন এমন জায়গায় রাখা হয় যেখানে দিনের বেলা সূর্যের আলো ৫-৬ ঘণ্টা মেলে। আবার বর্ষায় প্রচণ্ড বৃষ্টি এবং শীতে ঠান্ডাজনিত সমস্যার হাত থেকে ফসলকে বাঁচানোর জন্য যেন কম খরচের উপযুক্ত ব্যবস্থা মোতায়েন থাকে।

## চাষের সুবিধা

গ্রোব্যাগ পদ্ধতিতে ফসল চাষে অনেকগুলি সুবিধা রয়েছে। এই সুবিধাগুলি জমিতে বা মাটির টবে চাষের ক্ষেত্রে পাওয়া যাবে না। এগুলি হল—

- গ্রোব্যাগ ওজনে হালকা হওয়ায়, ওঠানো এবং অন্যত্র নিয়ে যাওয়া অনেক সহজ।
- চাষের কাজ শেষ হলে গ্রোব্যাগ পরিষ্কার করে নিয়ে সহজেই সংরক্ষণ করা যায় এবং চাষের কাজে পুনরায় ব্যবহার করা যায়।
- গ্রোব্যাগে ফসল চাষের সময় মাটির জলনিকাশি খুবই সহজে সম্পন্ন হওয়ায় শিকড়ের স্বাস্থ্য ভালো থাকে।
- সীমিত পরিমাণ জায়গায় চাষের ক্ষেত্রে গ্রোব্যাগ খুবই উপযোগী।
- এই ব্যাগে চাষ করার সময় মাটিতে বাতাস চলাচল তুলনামূলক ভাবে অনেক সহজে হয়। এর ফলে শিকড় নষ্ট হওয়ার সম্ভবনাও কমে যায়।
- গ্রোব্যাগের মধ্যে মাটি অতিরিক্ত তাপ থেকে রক্ষা পায়।



## গ্রোব্যাগ তৈরির উপাদান

হাইডেনসিটি পলিইথিলিন (এইচডিপিই) অথবা ননউভেন ফেব্রিক পদার্থ দিয়ে গ্রোব্যাগ তৈরি হয়। এই ব্যাগের শিটের পুরুত্ব হতে হবে ২০০ থেকে ৩৬০ জিএসএমের মধ্যে। এর অবশ্যই সূর্যের ক্ষতিকারক অতিবেগুনি রশ্মি প্রতিরোধক ক্ষমতা থাকতে হবে। নিকাশি ছিদ্র থাকতে হবে। ব্যাগের জীবনকাল ৩-৫ বছর হতে হবে।

পলিথিন শিটে তৈরি কালো এবং সাদা রঙের তুলনামূলক ভাবে কম ওজনের এবং কম দামের গ্রোব্যাগও বাজারে এসে গিয়েছে। এই ব্যাগের মাপ ৩০x১৬x১৬ সেমি এবং ৩৬x২০x২০ সেমি। এই ব্যাগগুলি নার্সারিতে সবজি, ফুল এবং ফলের চারা তৈরির জন্য ব্যবহার করা হয়। এ ছাড়াও পাটের আঁশ দিয়ে তৈরি বায়োডিগ্রেডেবল তথা পরিবেশবান্ধব গ্রোব্যাগও পাওয়া যায় বাজারে। এই ব্যাগ দীর্ঘ সময় জল ধরে রাখতে সক্ষম। ফলে গাছের বৃদ্ধি ও পরিস্ফুটন সহজে হয়। মাইক্রোগ্রিন, সবজি এবং সুগন্ধী হার্বের চাষও এই ব্যাগে ভালো হবে।

## ব্যাগের মাপ

ফসলের চারিত্রিক বৈশিষ্ট্য অনুসারে এই গ্রোব্যাগের মাপ বিভিন্ন হয়।

১) অগভীর শিকড় আছে, এমন ছোট চেহারার ফসলের (পালং, লেটুস, ধনে, পুদিনা প্রভৃতি) ক্ষেত্রে উপযুক্ত ১২x১২ ইঞ্চি মাপের গ্রোব্যাগ। ব্যাগের ভিতরে থাকা জায়গার আয়তন হতে হবে ৫-৮ লিটার।

২) মাঝারি উচ্চতার ফসলের (যেমন লঙ্কা, বেগুন, ঢেঁড়শ ও টম্যাটো) ক্ষেত্রে ব্যাগের মাপ হবে ১৫x১২ ইঞ্চি। ভিতরের আয়তন হবে ১০-১৫ লিটার।

৩) ২৪x১২ ইঞ্চি মাপের গ্রোব্যাগ মূলত ছোট চেহারার ফলগাছের জন্য উপযুক্ত। এই গ্রোব্যাগের ভিতরের আয়তন হতে হবে ২০-২৫ লিটার।

৪) গভীর শিকড় উৎপন্ন করে, এমন ফসলের জন্য উপযুক্ত গ্রোব্যাগের মাপ হতে হবে ৩০x১২ ইঞ্চি। ভিতরের আয়তন হতে হবে ৩০-৫০ লিটার।

৫) আয়তাকার গ্রোব্যাগের মাপ ২৪x১২x১২ ইঞ্চি। এটি মূলত শাক-সবজি এবং মরসুমি ফুল চাষের জন্য ব্যবহার করা হয়।

৬) বাজারে ৬x৬ ইঞ্চি, ৯x৬ ইঞ্চি ১২x১২ ইঞ্চি এবং ১৫x১৫ ইঞ্চি মাপের গোলাকার গ্রোব্যাগ পাওয়া যায়। এই ব্যাগ সবজি ও ফুলের চারা তৈরি, মাইক্রোগ্রিন এবং শাক-পাতা চাষের জন্য ব্যবহার করা যেতে পারে।

## কোন ফসলের চাষ

গ্রোব্যাগ পদ্ধতিতে নানান রকমের ফসল চাষ করা যায়। বাড়ির প্রয়োজন ছাড়াও উদ্যোগী কৃষকরা বাণিজ্যিক ভাবে ফসল চাষের ক্ষেত্রেও এই পদ্ধতি ব্যবহার করতে পারেন। সবজির মধ্যে টম্যাটো, ক্যাপসিকাম, কাঁচালঙ্কা, বেগুন এবং শাক-পাতার মধ্যে ধনে, পালং, নটে, মেথি, মুলো, কারিপাতা এবং পুদিনার চাষ করতে পারেন। এ ছাড়াও পেয়ারা, ড্রাগন ফ্রুট, আম, জাম, পেঁপে, কলা, কুল, মালবেরি এবং লেবুর মতো ফলগুলি গ্রোব্যাগে চাষ করা যেতে পারে।

## মাটি তৈরি

গ্রোব্যাগে ফসল চাষের জন্য মাটিকে হতে হবে হালকা, বাতাস চলাচলে সহায়ক এবং জলনিকাশি ক্ষমতাসম্পন্ন। মাটিতে যথেষ্ট পরিমাণে খাদ্য-উপাদান মজুত থাকতে হবে। মাটির মিশ্রণ তৈরি করতে হবে দোঁয়াশ মাটি, কোকো কয়ার এবং ভার্মিকম্পোস্ট অথবা জৈব আবর্জনা মিশিয়ে।

## সার প্রয়োগ

গ্রোব্যাগে চাষ করার মাটি থেকে খাদ্য-উপাদান দ্রুত শেষ হয়। ঘাটতি পূরণের জন্য পচানো তরল জৈব সার অথবা কম্পোস্ট ২-৩ সপ্তাহের ব্যবধানে প্রয়োগ করতে হবে।

## জলপ্রয়োগ এবং নিকাশি

গ্রোব্যাগের মাটি থেকে অতিরিক্ত জল দ্রুত নিকাশের জন্য নিকাশি-ছিদ্রের ব্যবস্থা থাকতে হবে। লক্ষ্য রাখতে হবে যেন জল জমে গাছের গোড়া পচে না যায়। আবহাওয়া এবং গাছের চাহিদা বুঝেই নিয়মিত ব্যবধানে জল দিতে হবে।

## শস্যসুরক্ষা

গ্রোব্যাগে চাষের ক্ষেত্রে ফসলে রোগ ও পোকার আক্রমণজনিত সমস্যা জমিতে চাষের তুলনায় অনেক কম। রোগ ও পোকার যথাসময়ে শনাক্তকরণের মাধ্যমে এবং জৈব কীটনাশক ব্যবহার করে ফসলকে রক্ষা করতে হবে।

## কোথায় পাবেন গ্রোব্যাগ

নার্সারি থেকে গ্রোব্যাগ কিনতে পারেন। এ ছাড়াও বেশ কিছু সংস্থা গ্রোব্যাগ বিক্রি করে। এগুলি হল—

১) সুপ্রিম জিওটেক প্রাইভেট লিমিটেড, চিত্তরঞ্জন অ্যাভেনিউ, কলকাতা ৭০০ ০০২

২) অনানদি এন্টারপ্রাইজ, কলকাতা।

৩) গ্রিনলিপ এন্টারপ্রাইজ, নিউ আলিপুর, কলকাতা।

৪) মোহন মার্চেন্ডাইজ প্রাইভেট লিমিটেড, পার্ক স্ট্রিট, কলকাতা।

৫) সৌম্য এন্টারপ্রাইজ, মদনপুর, নদিয়া।

৬) এলএমসি গ্লোবাল প্রাইভেট লিমিটেড, কলকাতা।


TECHNO INDIA™ GROUP
SECTOR V, SALT LAKE, KOLKATA, INDIA

TECHNO INDIA UNIVERSITY
SECTOR V, SALT LAKE, KOLKATA, INDIA

41 Years of Legacy, 5 Lakh+ Alumni placed in National and Multinational Companies across the World, 2 Cr Highest Package

Our Recruiters:
Adobe, Deloitte., DELL, KPMG, intel, Cognizant, pwc, ORACLE, CISCO, hp, Infosys, amazon, Capgemini, SAMSUNG, wipro, tcs TATA CONSULTANCY SERVICES, Nestlé, IBM, Dabur, LTIMindtree, JPMorganChase, HDFC BANK, Godrej, Google, accenture



Admission Support : 08062642222 / 9836544417 / 18 / 19

Address: 1) Techno India (Main Campus), Ground and 2nd Floor, EM 4, Sector V, Salt Lake, Kol-700091, 2) Techno India (City Office) - Offbeat CCU on EM Bypass, near Science City, Kol-39

Visit: www.technoindiauniversity.ai, www.technoindiauniversity.ac.in

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

### আইবিপিএসের পরীক্ষার মাধ্যমে ৯ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে

# ৭৩৬৫ প্রবেশনারি অফিসার

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

**Directions (1 to 5):** *In each of the following questions, an incomplete part of sentence is given. It is followed by five parts of sentence level as (a),(b),(c),(d) and (e) to complete the incomplete part. Pick out the most appropriate part to complete the sentence meaningfully.*

1. Even though it is a very large house___.
(a) There is a lot of space available in it for children (b) The municipal taxes on eat are very heavy (c) There is hardly any space available for children (d) There is no dearth of space for children (e) The servants take long time to clean it

2. Despite his best efforts to conceal his anger ______.
(a) He could succeed in doing it easily (b) we could detect that he was very happy (c) people came to know that he was annoyed (d) he failed to give us an impression of his agony (e) he succeeded in camouflaging his emotions

3. His appearance is unsmiling but _____.
(a) he looks very serious on most occasions (b) he is uncompromising on matters of task performance (c) people are afraid of him (d) his heart is full of compassion for others (e) he is full of jealousy towards his colleagues

4. The weather outside was extremely pleasant and hence we decided to____.
(a) utilise our time in watching the television (b) remain seated in our rooms in the bunglow (c) enjoy a morning ride in the open (d) refrain from going out for the morning walk (e) employ these rare opportunity for writing letters

5. Practically very little work could be completed in the last week as it was was______.
(a) full of working days (b) loaded with work (c) a very busy week (d) full of holidays (e) a very hectic week

**Directions (6 to 10):** *In each of the following sentences there are two blank spaces. Below each sentence there are certain pairs of words denoted by (a), (b), (c), (d) and (e). Find out which pair of words can be filled up in the blanks in the sentence in the same sequence to make the sentence meaningfully complete.*

6. Our latest battle plan_____some projects _____at saving the earth's biological diversity.
(a) finances, looking (b) excludes, arriving (c) encompasses, looked (d) covers, aimed (e) destroys, stirring

7. Unless the authorities adopt the principle_____ the strategies cannot become______.
(a) fully, defunct (b) forcefully, trivial (c) legitimately, noteworthy (d) wholeheartedly, successful (e) mechanical, obsolete

8. The judge______ him because he was found______ on the basis of the evidence.
(a) sentenced, innocent (b) acquitted, criminal (c) punished, guilty (d) suspended, involved (e) pardoned, innocent

9. Workers in earlier days were_____ because of which the industries_____ a lot.
(a) autocrats, developed (b) rich, flourished (c) inefficient, suffered (d) honest, lost (e) idle, prospered

10. The speaker's____over his subject was seen through his ____discourse.
(a) mastery, fluent (b) skill, pleasant (c) grip, boring (d) lethargy, dull (e) efficiency, thorough

**Directions (11 to 15):** *Read each sentences to find out whether there is any error in it.The sentences are divided into four parts. If there is no error, your answer should be option (e).*

11. Goutam loved his Guru immensely (a)/and gave him fullest loyalty (b)/yet he had his own (c)/ independent way of thinking (d)/No error (e)

12. We cannot handle (a)/this complicated case today (b)/unless full details are not given (c)/to us by now (d)/ no error (e)

13. Why some people don't get (a)/what they deserve (b)/and why others get what they don't deserve(c)/ is a matter decided by luck(d)/ No error (e)

14. No country can long endure (a)/if it's foundations (b)/were not laid deep (c)/in the material prosperity (d)/No error (e)

15. Reasonable ambition,if supported (a)/at persistent efforts, (b)/ is likely to yield(c)/the desired results.(d)/No error (e)

**Directions (16 to 22):** *Rearrange the following sentences into a meaningful sequence and then answer the questions that follow.*

A. Another important aspect of stress is that the human body reacts to stress in a stereotyped, physiological way.
B. But as long as we are alive, we are experiencing stress.
C. Besides the fact that stress is unavoidable, there are several aspects of stress that one should understand.
D. Sometimes the stress is small and sometimes it is large .
E. Stress cannot be avoided, and our stress level is never at zero.
F. One is that both too high and too low a stress level is damaging.
G. We are always under the stress as long as we are alive.

16. Which of the following would be the **sixth** sentence?
(a) A (b) B (c) C (d) D (e) F

17. Which of the following would be the **last** sentence?
(a) A (b) B (c) C (d) E (e) G

18. Which of the following would be the **third** sentence?
(a) A (b) B (c) D (d) E (e) G

19. Which of the following would be the **fifth** sentence?
(a) C (b) D (c) E (d) F (e) G

20. Which of the following would be the **fourth** sentence?
(a) A (b) B (c) C (d) D (e) E

21.Which of the following would be the **second** sentence?
(a) A (b) B (c) C (d) D (e) G

22. Which of the following would be the **first** sentence?
(a) B (b) D (c) E (d) F (e) G

**Directions (23 to 26):** *In each of the following questions, there are six sentences marked S1, S6, P, Q, R, S.The positions of S1and S6 are fixed. You are required to choose one of the four alternatives which would be the most logical sequence of the sentences in the passage.*

23. S1. The Bhagavad Gita recognise this nature of man and the needs of man.
P: All these three aspect constitute the nature of man.
Q: It shows how the human being is a rational one and ethical one and a spiritual one.
R: More than all it must be a spiritual experience.
S: Nothing can give him fulfillment unless it satisfies his reason is ethical conscience.
S6. A man who does not harmonize them is not truly human.
(a) QPSR (b) PSQR (c) RSPQ (d) PSRQ (e) PQRS

24. S1. It is very easy to acquire bad habits.
P: If we do not continue to do it ,we feel unhappy.
Q: The more we do a thing, the more we tend to like doing it .
R: The force of habit should be fought against.
S: This is called the force of habit.
S6. Even good things should be done from time to time only.
(a) RSPQ (b) PSQR (c) QPSR (d) RPSQ (e) PQRS

25. S1. Obesity is a curse of modern times.
P: As a result ,what is lost is the natural goodness of roughage and important nutrients.
Q: Invariably, fat and sugar which cause obesity are added to make food more palatable.
R: In these days, food gets more refined and cooking methods are more intricate.
S: Therefore, there are more obese people today than ever before.
S6. This is because today's changed life styles often mean less physical exertion and an over indulgence in unhealthy food.
(a) RPSQ (b) RQPS (c) QPRS (d) RPQS (e) PQRS

26. S1. science means finding out how things actually do happen.
P: He showed that a light object falls to the ground at the same rate as a heavy object.
Q: It does not mean laying down principles as to how they ought to happen.
R: This did not agree with the views of most learned men of that time.
S: The most famous example of this concerns Galileo's discovery about falling bodies.
S6. But Galileo proved his point experimentally by dropping weights from the leaning Tower of Pisa.
(a) QSPR (b) RPSQ (c) RSPQ (d) SPRQ (e) QPSR

**Directions (27 to 30):** *Read the given passage carefully and answer the following questions.*

No one knows when or by whom rockets were invented. In all probability the rocket was not suddenly 'invented' but evolved gradually over a long period of time, perhaps in different parts of the world at the same time. Some historians of rocketry, notably Willy Ley, trace the development of rockets to 13th century China, a land noted in ancient times for its firework display.In the year 1232 A.D., when the Mongols lais siege to the city of Kai-

এরপর নয়ের পাতায়

## পি এস সি মিসলেনিয়াস

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. 'সার্ভে অফ ইন্ডিয়া'-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
(a) আমেদাবাদ (b) বারাণসী (c) দেরাদুন (d) দিল্লি

2. নীচের প্রদত্ত কোন উপন্যাসটি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা নয়?
(a) আনন্দমঠ (b) বন্দেমাতরম (c) কমলাকান্তের দপ্তর (d) দুর্গেশনন্দিনী

3. নীচের কোন রাজ্য প্রথম 'সম্পূর্ণ জৈবিক' তকমা পেয়েছে?
(a) হিমাচল প্রদেশ (b) সিকিম (c) বিহার (d) কেরলম

4. মানুষের শরীরের বৃক্কের রং কেমন?
(a) লালচে বাদামি (b) সাদা (c) কালো (d) হলুদ

5. নিরক্ষীয় চিরহরিৎ বৃক্ষ অঞ্চল কোনটি?
(a) সালফা (b) তৈগা (c) প্রেইরি (d) সেলভা

6. ভারতের পরিকল্পনা কমিশনের প্রথম চেয়ারম্যান কে ছিলেন?
(a) বল্লভভাই প্যাটেল (b) আবুল কালাম আজাদ (c) জওহরলাল নেহরু (d) বি আর আম্বেদকর

7. 'ই-কালিকা' ও 'মো-ছাতুয়া' মোবাইল অ্যাপটি কোন রাজ্যে?
(a) কর্ণাটক (b) ওড়িশা (c) পশ্চিমবঙ্গ (d) আসাম

8. ভারতের শীতলতম মরুভূমি কোনটি?
(a) দেওঘর (b) লাদাখ (c) থর (d) দলমা

9. ভারতে প্রতি বছর কবে 'জন ঔষধি দিবস' পালন করা হয়?
(a) 7 মার্চ (b) 21 মার্চ (c) 31 মার্চ (d) 21 জুন

10. উদ্ভিদ কোন হরমোনের কারণে সূর্যের দিকে বেঁকে যায়?
(a) জিব্বেরেলিন (b) টক্সিন (c) কাইনিন (d) অক্সিন

11. 'লিসটন কোলাসো' কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) বক্সিং (b) অ্যাথলেটিক (c) ক্রিকেট (d) ফুটবল

12. সমুদ্রের গভীরতা মাপতে কোন এককটি ব্যবহার করা হয়?
(a) কেলভিন (b) ফ্যাদম (c) মিটার (d) মাইল

13. বাংলাদেশ ও ত্রিপুরার মধ্যে ফেনি নদীর ওপর কোন সেতুটি আছে?
(a) মৈত্রী সেতু (b) সংহতি সেতু (c) পদ্মা সেতু (d) সংকল্প সেতু

14. 'টেকনো সিটি' কোন শহরে অবস্থিত?
(a) কলকাতা (b) হায়দরাবাদ (c) বেঙ্গালুরু (d) পাটনা

15. 'প্রধানমন্ত্রী জন ধন যোজনা' কত সালে চালু হয়?
(a) 2017 সালে (b) 2014 সালে (c) 2016 সালে (d) 2015 সালে

16. 'আধুনিক শিল্প দানব' কোন শিল্পকে বলা হয়?
(a) লৌহ ইস্পাত (b) পেট্রোরসায়ন (c) ড্রোন তৈরি (d) জাহাজ

17. গীত গোবিন্দ রচয়িতা জয়দেব বাংলার কোন রাজার সময়ে ছিলেন?
(a) বল্লাল সেন (b) বখতিয়ার খিলজি (c) লক্ষ্মণ সেন (d) দেবপাল

18. একটি ধাতব ঘনকের দৈর্ঘ্য 1% বৃদ্ধি করা হলে, আয়তনের শতকরা কত বৃদ্ধি পাবে?
(a) 1% (b) 2% (c) 3% (d) 4%

19. 'কোয়াসারভেট তত্ত্বের' প্রবক্তা কে ছিলেন?
(a) স্পেনসার (b) ডারউইন (c) ল্যামার্ক (d) ওপারিন

20. 'পাগলাপন্থী বিদ্রোহ' কোথায় হয়েছিল?
(a) যশোরে (b) চট্টগ্রামে (c) ময়মনসিংহে (d) পাবনা

21. মোটরগাড়ির হেডলাইটে কোন দর্পণ ব্যবহার করা হয়?
(a) অধিবৃত্তীয় অবতল দর্পণ (b) অধিবৃত্তীয় উত্তল দর্পণ (c) গোলীয় দর্পণ (d) পুরু দর্পণ

22. ইউরেনিয়ামের আকরিক কোনটি?
(a) পিচব্লেন্ড (b) ইউপিচ (c) ইউব্লেন্ড (d) পিচবন্ড

23. হোলান্ড্রিক জিন কোথায় অবস্থিত?
(a) মানুষের X ক্রোমোজোমে (b) মানুষের Y ক্রোমোজোমে (c) মানুষের X এবং Y উভয় ক্রোমোজোমে (d) কোনওটিতে নয়

24. রসেমতানের প্রতিবাত ঢাল কেমন হয়?
(a) শিলাময় (b) অমসৃণ (c) মসৃণ (d) নৌকার মতো

25. বিজোলিয়া সত্যাগ্রহ সংগঠিত হয়েছিল কোথায়?
(a) রাজস্থান (b) বিহার (c) বাংলা (d) ওড়িশা

26. 'চল চল ভাগনাডিহি'—এই আহ্বান কারা দিয়েছিল?
(a) বীরসা মুন্ডা ও সাই মুন্ডা (b) ডোমন মাঝি ও সাজন গাজি (c) সিধু ও কানু (d) বুদ্ধু ভগত ও জোয়া ভগত

27. 'পিপলস লিটল থিয়েটার'-এর প্রথম প্রযোজনা কোনটি?
(a) টিনের তলোয়ার (b) ব্যারিকেড (c) সূর্য শিখর (d) বাংলা ছাড়ো

28. 'ভারতীয় জাতীয়তাবাদের জনক' কাকে বলা হয়?
(a) ঈশ্চরচন্দ্র বিদ্যাসাগর (b) রাজা রামমোহন রায় (c) স্বামী বিবেকানন্দ (d) কেশবচন্দ্র সেন

29. 'ভারতে বিজ্ঞানসম্মতভাবে প্রথম সকলের ওপর জনগণনা করা হয় কত সালে?
(a) 1881 সালে (b) 1872 সালে (c) 1891 সালে (d) 1878 সালে

30. 'ফ্লাউড কমিশন' কোন পরিপ্রেক্ষিতে গড়ে ওঠে?
(a) তেলেঙ্গানা আন্দোলন (b) তেভাগা আন্দোলন (c) বরদৌলির কৃষক আন্দোলন (d) আইন অমান্য আন্দোলন

31. জল ও অক্সিজেনের মধ্যে কোনটি অধিক কুপরিবাহী?
(a) জল (b) অক্সিজেন (c) জল ও অক্সিজেন দু'টিই (d) কোনওটি নয়

32. রাষ্ট্রকূট বংশের প্রতিষ্ঠাতা কে?
(a) আমোঘবর্গ (b) দন্তিদূর্গ (c) গোবিন্দ (d) ইন্দ্র

এরপর নয়ের পাতায়

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ৭৩৬৫ প্রবেশনারি অফিসার

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আটের পাতার পর*

Feng Fu, the capital of Honan Province , the Chinese defenders used weapons that were discribed as 'arrows of flying fire'. There is no explicit statement that these arrows were rockets but some students have concluded that they were because the record did not mention bows or other means of shooting the arrows.In the same battle, we read, the defenders dropped from the walls of the city a kind of boom described as 'heaven-shaking thunder'. From these meagre references some students have concluded that the Chinese, by the year 1232, had discovered gunpowder and had learned to use it to make explosive bombs as well as propulsive charges for rockets.

27. According to this passage, rocket were:
(a) developed over many centuries (b) a gift of god to the Chinese (c) invented in the 20th century (d) invented in 1232 A.D (e) None of these

28. The bombs have been referred to as 'heaven shaking thunder' because they:
(a) seem to fall from heaven (b) contain gunpowder (c) make thunderous noise (d) are propelled by rockets (e) None of these

29. The passage gives primarily a history of:
(a) the battle against the Chinese wall (b) the bravery of the Chinese (c) the invention of rockets (d) the attack on China by the Mongols (e) None of these

30. The phrase 'arrows of flying fire':
